www.abswer.com

অধ্যায় ০১

স্বাভাবিক সংখ্যা ও ভগ্নাংশ

অনুশীলনী ১.১ : অঙ্কপাতন

আলোচ্য বিষয়াবলি

• অঙ্কপাতন • মৌলিক ও যৌগিক সংখ্যা • বিভাজ্যতা • গ.সা.গু. ও ল.সা.গু. • ভগ্নাংশের যোগ, বিয়োগ, গুণ ও ভাগ • ভগ্নাংশের গ.সা.গু. ও ল.সা.গু.।

অনুশীলনীর শিখনফল

অনুশীলনীটি পাঠ শেষে আমি যা জানতে পারব–

- স্বাভাবিক সংখ্যার অঙ্কপাতন করতে পারব।
- দেশীয় ও আন্তর্জাতিক গণনা রীতির পারস্পরিক সম্পর্ক জানতে পারব।
- বিভিন্ন সংখ্যার অঙ্কগুলোর স্থানীয় মান নির্ণয় করতে পারব।
- দেশীয় ও আন্তর্জাতিক রীতিতে অঙ্কপাতন করে পড়তে পারব।
- আন্তর্জাতিক পদ্ধতিতে সংখ্যা গণনা করতে পারব।

শিখন অর্জন যাচাই

- প্রতীক, অঙ্ক ও সংখ্যা সম্পর্কে ধারণা লাভ করব।
- অঙ্কের মান ও অবস্থান জেনে স্থানীয় মান নির্ণয় করতে পারব।
- নিয়ম মেনে দেশীয় ও আন্তর্জাতিক পদ্ধতিতে গণনা করতে পারব।

শিখন সহায়ক উপকরণ

- সংখ্যা প্রতীক সংবলিত ছবি।
- দেশীয় ও আন্তর্জাতিক সংখ্যাপঠন রীতির ছক।
- পাঠ্যপুস্তকের সমস্যা ও কার্যাবলি।

এক নজরে অনুশীলনীর প্রয়োজনীয় বিষয় জেনে নিই

- মানব সভ্যতার শুরুতেই মানুষ তার দৈনন্দিন চাহিদা মেটাতে গিয়ে গণনার প্রয়োজন অনুভব করে। প্রথম অবস্থায় বিভিন্ন প্রতীক, সমান আকারের একই প্রকার বস্তু বা কাঠি এবং মাটিতে বা পাথরে দাগ দিয়ে প্রাণী বা বস্তুর হিসাব রাখা হতো। কিন্তু সভ্যতার বিকাশের সাথে সাথে বেশিসংখ্যক প্রাণী বা দ্রব্যের হিসাব রাখার জন্য অন্য ধরনের প্রতীকের প্রয়োজন দেখা দেয়। সেখান থেকে গণনারও জন্ম হয় এবং ক্রমান্বয়ে সৃষ্টি হয় এখনকার ব্যবহৃত সংখ্যা প্রতীকের।

- **দেশীয় সংখ্যাপঠন রীতি :** এ রীতিতে সংখ্যার ডানদিক থেকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানকে যথাক্রমে একক, দশক ও শতক প্রকাশ করে। চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম ও অষ্টম স্থানকে যথাক্রমে হাজার, অযুত, লক্ষ, নিযুত, কোটি বলা হয়। এক থেকে কোটি পর্যন্ত স্থানগুলো (ঘরগুলো) নিচের ছক অনুযায়ী সাজানো হয়।

	লক্ষ		হাজার		শতক	দশক	একক
কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার			
অষ্টম	সপ্তম	ষষ্ঠ	পঞ্চম	চতুর্থ	তৃতীয়	দ্বিতীয়	প্রথম

- **আন্তর্জাতিক গণনা পদ্ধতি :** কোনো সংখ্যা শুদ্ধভাবে ও সহজে পড়ার জন্য যে রীতিতে ডানদিক থেকে তিন অঙ্ক পর পর কমা (,) বসানো হয়, তাই আন্তর্জাতিক গণনা পদ্ধতি। এ পদ্ধতিতে একক থেকে বিলিয়ন পর্যন্ত স্থানগুলো নিচের নিয়মে পরপর সাজানো হয় :

বিলিয়ন	মিলিয়ন	হাজার	শতক	দশক	একক
১১১	১১১	১১১	১	১	১

একক, দশক ও শতকের ঘরের অঙ্কগুলো আমাদের দেশীয় রীতিতেই পড়া ও কথায় প্রকাশ করা হয় শতকের বামদিকের ঘরটি হাজারের। হাজারের ঘরে অনূর্ধ্ব তিন অঙ্ক বিশিষ্ট সংখ্যা লেখা যায় এবং হাজারের ঘরের বামদিকের অনূর্ধ্ব তিন অঙ্কের ঘরটি মিলিয়নের। অনুরূপভাবে, মিলিয়নের বামের ঘর বিলিয়নের। অতএব, আন্তর্জাতিক পদ্ধতিতে উপরের ছকে লিখিত সংখ্যা হলো একশ এগার বিলিয়ন একশ এগার মিলিয়ন একশ এগার হাজার একশ এগার।

- **দেশীয় ও আন্তর্জাতিক গণনা রীতির পারস্পরিক সম্পর্ক :**

				কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
বিলিয়ন			মিলিয়ন			হাজার			শতক	দশক	একক
১১১			১১১			১১১			১	১	১

- **লক্ষ করি :**
  - মিলিয়নের ঘরে সর্বডানের ১-এর স্থানীয় মান ১ মিলিয়ন। দেশীয় রীতিতে এ ঘরটি হলো নিযুতের ঘর। অর্থাৎ, এ ঘরে ১-এর স্থানীয় মান ১ নিযুত বা ১০ লক্ষ।
  - বিলিয়নের ঘরের সর্বডানের ১-এর স্থানীয় মান ১ বিলিয়ন। কিন্তু দেশীয় রীতিতে এ ঘরের ১-এর স্থানীয় মান ১০০ কোটি।

  সুতরাং আমরা পাই,

  ১ মিলিয়ন = ১০ লক্ষ
  ১ বিলিয়ন = ১০০ কোটি

www.abswer.com

www.abswer.com

অনুশীলন

সেরা পরীক্ষাপ্রস্তুতির জন্য 100% সঠিক ফরম্যাট অনুসরণে সর্বাধিক গাণিতিক সমস্যার সমাধান

শিক্ষার্থী বন্ধুরা, তোমাদের সেরা প্রস্তুতির জন্য এ অংশে কমন উপযোগী সকল গাণিতিক সমস্যা নির্ভুল সমাধান সহকারে সংযোজন করা হয়েছে। অনুশীলনের সুবিধার্থে গাণিতিক সমস্যাবলিকে অনুশীলনীর সমস্যা, সৃজনশীল অংশ, অনুশীলনমূলক কাজ এবং বহুনির্বাচনি অংশে বিভক্ত করে পাঠের ধারায় উপস্থাপন করা হয়েছে।

অনুশীলনীর সমস্যার সমাধান — পাঠ্যবইয়ের সমস্যার সমাধান করি

গাণিতিক সমস্যার সমাধান

১। নিচের সংখ্যাগুলো অঙ্কে লেখ :

(ক) বিশ হাজার সত্তর, ত্রিশ হাজার আট, পঞ্চান্ন হাজার চারশ।

সমাধান : বিশ হাজার সত্তর

লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
২	০	০	৭	০	

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্ক পাতনের পর দেখা যায় যে, হাজার, শতক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ ঘরে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যাবে।
নির্ণেয় সংখ্যা : ২০,০৭০।

ত্রিশ হাজার আট

লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
৩	০	০	০	৮	

কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্ক পাতনের পর দেখা যায় যে, হাজার, শতক ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ ঘরে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যাবে।
নির্ণেয় সংখ্যা : ৩০,০০৮

পঞ্চান্ন হাজার চারশ

লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
৫	৫	৪	০	০	

এখানে, কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্ক পাতনের পর দেখা যায় যে, দশক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যাবে।
নির্ণেয় সংখ্যা : ৫৫,৪০০।

(খ) চার লক্ষ পাঁচ হাজার, সাত লক্ষ দুই হাজার পঁচাত্তর।

সমাধান : চার লক্ষ পাঁচ হাজার

নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
৪	০	৫	০	০	০	

এখানে, কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্ক পাতনের পর দেখা যায় যে, অযুত, শতক, দশক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যাবে।
নির্ণেয় সংখ্যা : ৪,০৫,০০০।

সাত লক্ষ দুই হাজার পঁচাত্তর

নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
৭	০	২	০	৭	৫	

এখানে, কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্ক পাতনের পর দেখা যায় যে, অযুত ও শতকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যাবে।
নির্ণেয় সংখ্যা : ৭,০২,০৭৫।

(গ) ছিয়াত্তর লক্ষ নয় হাজার সত্তর, ত্রিশ লক্ষ নয়শ চার।

সমাধান : ছিয়াত্তর লক্ষ নয় হাজার সত্তর।

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
	৭	৬	০	৯	০	৭	০

এখানে, কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্ক পাতনের পর দেখা যায় যে, অযুত, শতক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যাবে।
নির্ণেয় সংখ্যা : ৭৬,০৯,০৭০।

ত্রিশ লক্ষ নয়শ চার

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
	৩	০	০	৯	০	৪	

এখানে, কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্ক পাতনের পর দেখা যায় যে, লক্ষ, অযুত, হাজার ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যাবে।
নির্ণেয় সংখ্যা : ৩০,০০,৯০৪।

(ঘ) পাঁচ কোটি তিন লক্ষ দুই হাজার সাত।

সমাধান :

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
৫	০	৩	০	২	০	০	৭

এখানে, কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্ক পাতনের পর দেখা যায় যে, নিযুত, অযুত, শতক ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যাবে।
নির্ণেয় সংখ্যা : ৫,০৩,০২,০০৭।

(ঙ) আটানব্বই কোটি সাত লক্ষ পাঁচ হাজার নয়।

সমাধান :

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
৯৮	০	৭	০	৫	০	০	৯

এখানে, কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্ক পাতনের পর দেখা যায় যে, নিযুত, অযুত, শতক ও দশকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যাবে। যেহেতু কোটির বামে সাধারণত কোনো নাম ব্যবহৃত হয় না, তাই কোটির সম্পূর্ণ মানকে একসাথে কোটির ঘরে বসানো হয়।
নির্ণেয় সংখ্যা : ৯৮,০৭,০৫,০০৯।

(চ) একশ দুই কোটি পাঁচ হাজার সাতশ আট।

সমাধান :

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
১০২	০	০	০	৫	৭	০	৮

এখানে, কথায় প্রকাশিত সংখ্যাটি অঙ্ক পাতনের পর দেখা যায় যে, নিযুত, লক্ষ, অযুত এবং দশকের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যাবে। যেহেতু কোটির বামে সাধারণত কোনো নাম লেখা হয় না, সেহেতু কোটির সম্পূর্ণ মানকে একত্রে কোটির ঘরে বসানো হয়।
নির্ণেয় সংখ্যা : ১০২,০০,০৫,৭০৮।

www.abswer.com

www.abswer.com

(ছ) নয়শ পঞ্চান্ন কোটি সাত লক্ষ নব্বই।

সমাধান :

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
৯৫৫	০	৭	০	০	০	৯	০

এখানে, কথায় প্রকাশিত সংখ্যাকে অঙ্ক পাতনের পর দেখা যায় যে, নিযুত, অযুত, হাজার, শতক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যাবে। যেহেতু কোটির বামে সাধারণত কোনো মান লেখা হয় না, সেহেতু কোটির সম্পূর্ণ মানকে একত্রে কোটির ঘরে বসানো হয়।

নির্ণেয় সংখ্যা : ৯৫৫,০৭,০০,০৯০।

(জ) তিন হাজার পাঁচশ কোটি পঁচাশি লক্ষ নয়শ একুশ।

সমাধান :

কোটি	নিযুত	লক্ষ	অযুত	হাজার	শতক	দশক	একক
৩৫০০	৮	৫	০	০	৯	২	১

এখানে, কথায় প্রকাশিত সংখ্যাকে অঙ্ক পাতনের পর দেখা যায় যে, অযুত ও হাজারের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং এ ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যাবে। যেহেতু কোটির বামে সাধারণত কোন মান লেখা হয় না, সেহেতু কোটির সম্পূর্ণ মানকে একত্রে কোটির ঘরে লেখা হয়।

নির্ণেয় সংখ্যা : ৩,৫০০,৮৫,০০,৯২১।

(ঝ) পঞ্চাশ বিলিয়ন তিনশ এক মিলিয়ন পাঁচশ আটত্রিশ হাজার।

সমাধান :

বিলিয়ন	মিলিয়ন	হাজার	শতক	দশক	একক
৫০	৩০১	৫৩৮	০	০	০

এখানে, কথায় প্রকাশিত সংখ্যাকে অঙ্ক পাতনের পর দেখা যায় যে, শতক, দশক ও এককের ঘরে কোনো অঙ্ক নেই। সুতরাং, এ ঘরগুলোতে শূন্য (০) বসিয়ে সংখ্যাটি পাওয়া যাবে।

নির্ণেয় সংখ্যা : ৫০,৩০,১৫,৩৮,০০০।

২। নিচের সংখ্যাগুলো কথায় লেখ :

(ক) ৪৫৭৮৯ ; ৪১০০৭ ; ৮৯১০৭১।

সমাধান : ৪৫৭৮৯

সংখ্যাটির ডানদিক থেকে তিন ঘর পরে কমা (,) বসালে আমরা পাই, ৪৫,৭৮৯।

এখানে, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৪৫, শতকের ঘরে ৭, দশকের ঘরে ৮ এবং এককের ঘরে ৯ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় :

পঁয়তাল্লিশ হাজার সাত শত উননব্বই।

৪১০০৭

সংখ্যাটির ডানদিক থেকে তিন ঘর পরে কমা (,) বসালে আমরা পাই, ৪১,০০৭।

সংখ্যাটিতে অযুত এবং হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৪১, শতক ও দশকের ঘরে ০ এবং এককের ঘরে ৭ অবস্থিত।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় :

একচল্লিশ হাজার সাত।

৮৯১০৭১

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর এবং এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই, ৮,৯১,০৭১।

সংখ্যাটিতে লক্ষের ঘরে ৮, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৯১, শতকের ঘরে ০, দশকের ঘরে ৭ এককের ঘরে ১।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় :

আট লক্ষ একানব্বই হাজার একাত্তর।

(খ) ২০০০৭৮ ; ৭৯০৬৭৮ ; ৮৯০০৭৫।

সমাধান : ২০০০৭৮

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর এবং এর পর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই, ২,০০,০৭৮।

সংখ্যাটিতে লক্ষের ঘরে ২, অযুত, হাজার ও শতকের ঘরে শূন্য (০), দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ৮।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় :

দুই লক্ষ আটাত্তর।

৭৯০৬৭৮

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর এবং এর পর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই, ৭,৯০,৬৭৮।

সংখ্যাটিতে লক্ষের ঘরে ৭, অযুতের ঘরে ও দশকের ঘরে দুটি অঙ্ক মিলে ৯০, শতকের ঘরে ৬, দশকের ঘরে ৭ এবং এককের ঘরে ৮।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় :

সাত লক্ষ নব্বই হাজার ছয় শত আটাত্তর।

৮৯০০৭৫

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর এবং এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই, ৮,৯০,০৭৫।

সংখ্যাটিতে লক্ষের ঘরে ৮, অযুত ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৯০, শতকের ঘরে শূন্য (০), দশকের ঘরে ৭ ও এককের ঘরে ৫।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় :

আট লক্ষ নব্বই হাজার পঁচাত্তর।

(গ) ৪৪০০৭৮৫ ; ৬৮৭০৫০৯ ; ৭১০৫০৭০।

সমাধান : ৪৪০০৭৮৫

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর এবং এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই, ৪৪,০০,৭৮৫।

সংখ্যাটিতে নিযুত ও লক্ষের ঘরের দুইটি সংখ্যা মিলিয়ে ৪৪, অযুত ও হাজারের ঘরে শূন্য (০), শতকের ঘরে ৭, দশকের ঘরে ৮ এবং এককের ঘরে ৫।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় :

চুয়াল্লিশ লক্ষ সাত শত পঁচাশি।

৬৮৭০৫০৯

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর এবং এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই, ৬৮,৭০,৫০৯।

সংখ্যাটিতে নিযুত ও লক্ষের ঘরের দুইটি সংখ্যা মিলিয়ে ৬৮, অযুতের ঘরে ও হাজারের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৭০, শতকের ঘরে ৫, দশকের ঘরে শূন্য (০) এবং এককের ঘরে ৯।

সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় :

আটষট্টি লক্ষ সত্তর হাজার পাঁচ শত নয়।

www.abswer.com

www.abswer.com

৭১০৫০৭০

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর এবং এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই, ৭১,০৫,০৭০।
সংখ্যাটিতে নিযুত ও লক্ষের ঘরের দুইটি সংখ্যা মিলিয়ে ৭১, অযুতের ঘরে শূন্য (০), হাজারের ঘরে ৫, শতকের ঘরে শূন্য (০), দশকের ঘরে ৭ এবং এককের ঘরে শূন্য (০)।
সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় :
একাত্তর লক্ষ পাঁচ হাজার সত্তর।

(ঘ) ৫০৮৭৭০০৩; ৯৪৩০৯৭৯৯; ৮৩৯০০৭৬৫।

সমাধান : ৫০৮৭৭০০৩

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর এবং এরপর দুই ঘর পরপর কমা (,) বসালে আমরা পাই, ৫,০৮,৭৭,০০৩।
সংখ্যাটিতে কোটির ঘরে ৫, নিযুতের ঘরে শূন্য (০), লক্ষের ঘরে ৮, অযুত ও হাজারের ঘরের দুইটি সংখ্যা মিলিয়ে ৭৭, শতক ও দশকের ঘরে শূন্য (০) এবং এককের ঘরে ৩।
সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় :
পাঁচ কোটি আট লক্ষ সাতাত্তর হাজার তিন।

৯৪৩০৯৭৯৯

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর এবং এরপর দুই ঘর পরপর কমা (,) বসালে আমরা পাই, ৯,৪৩,০৯,৭৯৯।
সংখ্যাটিতে কোটির ঘরে ৯, নিযুত ও লক্ষের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৪৩, অযুতের ঘরে শূন্য (০), হাজারের ঘরে ৯, শতকের ঘরে ৭, দশকের ঘরে ৯ এবং এককের ঘরে ৯।
সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় :
নয় কোটি তেতাল্লিশ লক্ষ নয় হাজার সাত শত নিরানব্বই।

৮৩৯০০৭৬৫

সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর এবং এরপর দুই ঘর পরপর কমা (,) বসালে আমরা পাই, ৮,৩৯,০০,৭৬৫।
সংখ্যাটিতে কোটির ঘরে ৮, নিযুত ও লক্ষের ঘরের দুইটি অঙ্ক মিলিয়ে ৩৯, অযুত ও হাজারের ঘরে শূন্য (০), শতকের ঘরে ৭, দশকের ঘরে ৬ ও এককের ঘরে ৫।
সুতরাং সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় :
আট কোটি উনচল্লিশ লক্ষ সাত শত পঁয়ষট্টি।

৩। নিচের সংখ্যাগুলোতে যে সকল সার্থক অঙ্ক আছে তাদের স্থানীয় মান নির্ণয় কর :

(ক) ৭২

সমাধান : আমরা জানি, প্রথম নয়টি চিহ্ন (১ হতে ৯ পর্যন্ত) স্বার্থক অঙ্ক।
এখানে, স্বার্থক অঙ্ক ২ এর স্থানীয় মান (২ একক) = ২
এবং " " ৭ " " " (৭ দশক) = ৭০
নির্ণেয় সংখ্যার স্বার্থক অঙ্কের স্থানীয় মান : ২, ৭০।

(খ) ৩৫৯

সমাধান : আমরা জানি,
প্রথম নয়টি চিহ্ন (১ হতে ৯ পর্যন্ত) স্বার্থক অঙ্ক।
এখানে,
স্বার্থক অঙ্ক ৩ এর স্থানীয় মান (৩ শতক) = ৩০০
" " ৫ " " " (৫ দশক) = ৫০
এবং " " ৯ " " " (৯ একক) = ৯
নির্ণেয় সংখ্যার স্বার্থক অঙ্কের স্থানীয় মান : ৩০০, ৫০, ৯।

(গ) ৪২০৩

সমাধান : আমরা জানি,
প্রথম নয়টি চিহ্ন (১ হতে ৯ পর্যন্ত) স্বার্থক অঙ্ক এবং শূন্য (০) সংখ্যার অভাবজ্ঞাপক অঙ্ক।
এখানে,
স্বার্থক অঙ্ক ৪ এর স্থানীয় মান (৪ হাজার) = ৪০০০
" " ২ " " " (২ শতক) = ২০০
এবং " " ৩ " " " (৩ একক) = ৩
নির্ণেয় সংখ্যার স্বার্থক অঙ্কের স্থানীয় মান : ৪০০০, ২০০, ৩।

(ঘ) ৭০৮০৯

সমাধান : আমরা জানি,
প্রথম নয়টি চিহ্ন (১ হতে ৯ পর্যন্ত) স্বার্থক অঙ্ক এবং শূন্য (০) সংখ্যার অভাবজ্ঞাপক অঙ্ক।
এখানে,
সার্থক অঙ্ক ৭ এর স্থানীয় মান (৭ অযুত) = ৭০০০০
" " ৮ " " " (৮ শতক) = ৮০০
এবং " " ৯ " " " (৯ একক) = ৯
নির্ণেয় সংখ্যার স্বার্থক অঙ্কের স্থানীয় মান : ৭০০০০, ৮০০, ৯।

(ঙ) ১৩০০৪৫০৭৮

সমাধান : আমরা জানি,
প্রথম নয়টি অঙ্ক (১ থেকে ৯ পর্যন্ত) স্বার্থক অঙ্ক এবং শূন্য (০) সংখ্যার অভাবজ্ঞাপক অঙ্ক।
এখানে প্রদত্ত সংখ্যার ক্ষেত্রে,
স্বার্থক অঙ্ক ১ এর স্থানীয় মান (১ দশক কোটি) = ১০০০০০০০
" " ৩ " " " (৩ একক কোটি) = ৩০০০০০০০
" " ৪ " " " (৪ অযুত) = ৪০০০০
" " ৫ " " " (৫ হাজার) = ৫০০০
" " ৭ " " " (৭ দশক) = ৭০
এবং " ৮ " " " (৮ একক) = ৮
নির্ণেয় সংখ্যার স্বার্থক অঙ্কের স্থানীয় মান :
১০০০০০০০০, ৩০০০০০০০, ৪০০০০, ৫০০০, ৭০, ৮।

(চ) ২৫০০০৯৭০৯

সমাধান : আমরা জানি,
প্রথম নয়টি অঙ্ক (১ থেকে ৯ পর্যন্ত) স্বার্থক অঙ্ক এবং শূন্য (০) সংখ্যার অভাবজ্ঞাপক অঙ্ক।
এখানে প্রদত্ত সংখ্যার ক্ষেত্রে,
স্বার্থক অঙ্ক ২ এর স্থানীয় মান (২ দশক কোটি) = ২০০০০০০০০
" " ৫ " " " (৫ একক কোটি) = ৫০০০০০০০
" " ৯ " " " (৯ হাজার) = ৯০০০
" " ৭ " " " (৭ শতক) = ৭০০
এবং " ৯ " " " (৯ একক) = ৯
নির্ণেয় সংখ্যার সার্থক অঙ্কের স্থানীয় মান :
২০০০০০০০০, ৫০০০০০০০, ৯০০০, ৭০০, ৯।

(ছ) ৫৯০০০০৭৮৪৫

সমাধান : আমরা জানি,
প্রথম নয়টি অঙ্ক (১ থেকে ৯ পর্যন্ত) স্বার্থক অঙ্ক এবং শূন্য (০) সংখ্যার অভাবজ্ঞাপক অঙ্ক।

www.abswer.com

www.abswer.com

এখানে প্রদত্ত সংখ্যার ক্ষেত্রে,
স্বার্থক অঙ্ক ৫ এর স্থানীয় মান (৫ শতক কোটি) = ৫০০০০০০০০০
" " ৯ " " " (৯ দশক কোটি) = ৯০০০০০০০০
" " ৭ " " " (৭ হাজার) = ৭০০০
" " ৮ " " " (৮ শতক) = ৮০০
" " ৪ " " " (৪ দশক) = ৪০
এবং " ৫ " " " (৫ একক) = ৫
নির্ণেয় সংখ্যার স্বার্থক অঙ্কের স্থানীয় মান :
৫০০০০০০০০০, ৯০০০০০০০০, ৭০০০, ৮০০, ৪০, ৫।

(জ) ৯০০৭৫৮৪৩২
সমাধান : আমরা জানি,
প্রথম নয়টি অঙ্ক (১ থেকে ৯ পর্যন্ত) স্বার্থক অঙ্ক এবং শূন্য (০) সংখ্যার অভাবজ্ঞাপক অঙ্ক।
এখানে প্রদত্ত সংখ্যার ক্ষেত্রে,
স্বার্থক অঙ্ক ৯ এর স্থানীয় মান (৯ দশক কোটি) = ৯০০০০০০০০
" " ৭ " " " (৭ লক্ষ) = ৭০০০০০
" " ৫ " " " (৫ অযুত) = ৫০০০০
" " ৮ " " " (৮ হাজার) = ৮০০০
" " ৪ " " " (৪ শতক) = ৪০০
" " ৩ " " " (৩ দশক) = ৩০
এবং " ২ " " " (২ একক) = ২
নির্ণেয় সংখ্যার সার্থক অঙ্কের স্থানীয় মান :
৯০০০০০০০০, ৭০০০০০, ৫০০০০, ৮০০০, ৪০০, ৩০, ২।

(ঝ) ১০৫৭৮০৯২৩০০৪
সমাধান : আমরা জানি, প্রথম নয়টি অঙ্ক (১ থেকে ৯ পর্যন্ত) স্বার্থক অঙ্ক এবং শূন্য (০) সংখ্যার অভাবজ্ঞাপক অঙ্ক।
এখানে প্রদত্ত সংখ্যার ক্ষেত্রে,
স্বার্থক অঙ্ক ১ এর স্থানীয় মান (১ অযুত কোটি) = ১০০০০০০০০০০
" " ৫ " " " (৫ শতক কোটি) = ৫০০০০০০০০০
" " ৭ " " " (৭ দশক কোটি) = ৭০০০০০০০০
" " ৮ " " " (৮ একক কোটি) = ৮০০০০০০০
" " ৯ " " " (৯ লক্ষ) = ৯০০০০০
" " ২ " " " (২ অযুত) = ২০০০০
" " ৩ " " " (৩ হাজার) = ৩০০০
এবং " " ৪ " " " (৪ একক) = ৪
নির্ণেয় সংখ্যার স্বার্থক অঙ্কের স্থানীয় মান :
১০০০০০০০০০০, ৫০০০০০০০০০, ৭০০০০০০০০, ৮০০০০০০০০, ৯০০০০০, ২০০০০, ৩০০০, ৪।

৪। নয় অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা লেখ।
সমাধান : আমরা জানি, প্রথম নয়টি অঙ্ক (১ থেকে ৯ পর্যন্ত) স্বার্থক অঙ্ক এবং শূন্য (০) সংখ্যার অভাবজ্ঞাপক অঙ্ক।
এক অঙ্কের বৃহত্তম সংখ্যা হলো ৯। অঙ্ক পাতনের যে কোনো অবস্থানে ৯ এর স্থানীয় মান বৃহত্তম হবে। সুতরাং ৯টি ৯ পর পর লিখলেই নয় অঙ্কের বৃহত্তম সংখ্যা পাওয়া যাবে।
নির্ণেয় বৃহত্তম সংখ্যা : ৯৯,৯৯,৯৯,৯৯৯।
আবার, ক্ষুদ্রতম সংখ্যা হলো ০। পর পর ৯টি শূন্য লিখলে কোনো সংখ্যা প্রকাশ করে না। সুতরাং সর্ববামে সার্থক ক্ষুদ্রতম অঙ্ক ১ লিখে পর পর আটটি ০ (শূন্য) বসালে নয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা পাওয়া যাবে।
নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা : ১০,০০,০০,০০০।

৫। একই অঙ্ক মাত্র একবার ব্যবহার করে সাত অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা গঠন কর :
(ক) ৪, ৫, ১, ২, ৮, ৯, ৩
সমাধান : অঙ্ক পাতনে যে কোনো অবস্থানে বৃহত্তর অঙ্কের স্থানীয় মান ক্ষুদ্রতর অঙ্কের স্থানীয় মান অপেক্ষা বড় হবে।
এখানে প্রদত্ত অঙ্কগুলো বৃহত্তম মান অনুসারে সাজালে দাঁড়ায়, ৯ > ৮ > ৫ > ৪ > ৩ > ২ > ১
সুতরাং বড় থেকে ছোট ক্রমে অঙ্ক পাতন করলেই বৃহত্তম সংখ্যাটি পাওয়া যাবে। এখানে প্রদত্ত সংখ্যা মোট ৭টি।
∴ নির্ণেয় বৃহত্তম সংখ্যা : ৯৮,৫৪,৩২১।
আবার, ছোট থেকে বড় ক্রমে অঙ্ক পাতন করলেই ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে।
অঙ্কগুলোকে ক্ষুদ্রতম মান অনুসারে সাজালে দাঁড়ায়,
১ < ২ < ৩ < ৪ < ৫ < ৮ < ৯
নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা : ১২,৩৪,৫৮৯।

(খ) ৪, ০, ৫, ৩, ৯, ৮, ৭
সমাধান : অঙ্ক পাতনের যে কোন অবস্থানে বৃহত্তর অঙ্কের স্থানীয় মান ক্ষুদ্রতর অঙ্কের স্থানীয় মান অপেক্ষা বড় হবে।
এখানে প্রদত্ত অঙ্কগুলোকে ক্ষুদ্রতম মান অনুসারে সাজালে দাঁড়ায়,
৯ > ৮ > ৭ > ৫ > ৪ > ৩ > ০
∴ বড় থেকে ছোট ক্রমে অঙ্ক পাতন করলেই বৃহত্তম সংখ্যাটি পাওয়া যাবে। এখানে প্রদত্ত সংখ্যা মোট ৭টি
নির্ণেয় বৃহত্তম সংখ্যা : ৯৮,৭৫,৪৩০
আবার, ছোট থেকে বড় ক্রমে অঙ্ক পাতন করলেই ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে।
অঙ্কগুলোকে ক্ষুদ্রতম মান অনুসারে সাজালে দাঁড়ায়,
০ < ৩ < ৪ < ৫ < ৭ < ৮ < ৯
শূন্য (০) সর্ববামে থাকলে এর কোনো মান হয় না। সুতরাং শূন্য (০) বাদে ক্ষুদ্রতম অঙ্কটি সর্ববামে লিখে শূন্যসহ অন্যান্য অঙ্কগুলো ছোট থেকে বড় ক্রমে লিখলে ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যায়।
নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা : ৩০,৪৫,৭৮৯

৬। সাত অঙ্ক বিশিষ্ট কোন বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার প্রথমে ৭ এবং শেষে ৬ আছে ?
সমাধান : আমরা জানি, বৃহত্তম অঙ্ক হলো ৯। সাত অঙ্কবিশিষ্ট বৃহত্তম সংখ্যা হবে ৭টি পর পর ৯ বিশিষ্ট সংখ্যা, অর্থাৎ ৯৯৯৯৯৯৯।
যেহেতু সংখ্যাটির প্রথমে ৭ এবং শেষে ৬ আছে।
সুতরাং নির্ণেয় বৃহত্তম সংখ্যা হবে : ৭৯,৯৯,৯৯৬।
আবার, সর্ববামে সার্থক ক্ষুদ্রতম অঙ্ক ১ নিয়ে পর পর ৬টি ০ (শূন্য) বসালে সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা পাওয়া যাবে।
যেহেতু সংখ্যাটির প্রথমে ৭ এবং শেষে ৬ আছে। সুতরাং সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হবে :-৭০,০০,০০৬।
বৃহত্তম সংখ্যা ৭৯,৯৯,৯৯৬ এবং ক্ষুদ্রতম সংখ্যা ৭০,০০,০০৬।

৭। ৭৩৪৫৫ এর অঙ্কগুলোকে বিপরীতভাবে সাজালে যে সংখ্যা হয় তা কথায় প্রকাশ কর।
সমাধান : প্রদত্ত সংখ্যা = ৭৩,৪৫৫
বিপরীতক্রমে সাজালে সংখ্যাটি হবে = ৫৫,৪৩৭
সুতরাং কথায় প্রকাশিত হলে সংখ্যাটি হবে : পঞ্চান্ন হাজার চার শত সাঁইত্রিশ।

www.abswer.com

www.abswer.com

সৃজনশীল অংশ — কমন উপযোগী সৃজনশীল প্রশ্নের সমাধান করি

মাস্টার ট্রেইনার প্যানেল প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান

শিখনফল : স্বাভাবিক সংখ্যার অঙ্কপাতন করতে পারব।

প্রশ্ন ১ | ৬, ৫, ০, ৭, ৮ অঙ্কগুলো লক্ষ কর।

ক. অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যাটি লিখ। (সহজমান) ২
খ. অঙ্কগুলো দ্বারা গঠিত ক্ষুদ্রতম সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য কিনা দেখাও। (মধ্যমান) ৪
গ. পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা ও অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যার পার্থক্য নির্ণয় কর। (কঠিনমান) ৪

১নং প্রশ্নের সমাধান

ক ৬, ৫, ০, ৭, ৮ অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা ৮৭৬৫০।

খ ৬, ৫, ০, ৭, ৮ অঙ্কগুলো দ্বারা গঠিত ক্ষুদ্রতম সংখ্যা ৫০৬৭৮।
৫০৬৭৮ কে ৬ দ্বারা ভাগ করা হলো :

```
৬) ৫০৬৭৮ (৮৪৪৬
   ৪৮
   ---
    ২৬
    ২৪
    ---
     ২৭
     ২৪
     ---
      ৩৮
      ৩৬
      ---
       ২
```

∴ ভাগফল ৮৪৪৬ ও ভাগশেষ ২।
অতএব, ক্ষুদ্রতম সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য নয়।

গ আমরা জানি, পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা ৯৯৯৯৯
৬, ৫, ০, ৭, ৮ দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা ৮৭৬৫০।
∴ এদের পার্থক্য = (৯৯৯৯৯ − ৮৭৬৫০) = ১২৩৪৯
পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা ও অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যার পার্থক্য ১২৩৪৯।

শিখনফল : দেশীয় ও আন্তর্জাতিক গণনা রীতির পারস্পরিক সম্পর্ক জানতে পারব।

প্রশ্ন ২ | গণিত শিক্ষক ক্লাসে ১ মিলিয়ন = ১০ লক্ষ, ১ বিলিয়ন = ১০০ কোটি এবং বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা সম্পর্কে ধারণা দিলেন।

ক. সাত অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা লেখ। (সহজমান) ২
খ. ১০ মিলিয়নকে লক্ষে পরিণত কর। (মধ্যমান) ৪
গ. ৫০০ কোটিতে কত বিলিয়ন (কঠিনমান) ৪

২নং প্রশ্নের সমাধান

ক সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯৯৯৯
এবং সাত অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০০০।

খ দেওয়া আছে,
১ মিলিয়ন = ১০ লক্ষ
∴ ১০ " = (১০ × ১০) লক্ষ = ১০০ লক্ষ

গ উদ্দীপক হতে,
১০০ কোটি = ১ বিলিয়ন
∴ ১ " $= \frac{১}{১০০}$ "
∴ ৫০০ " $= \frac{১ \times ৫০০}{১০০}$ " = ৫ বিলিয়ন

শিখনফল : বিভিন্ন সংখ্যার অঙ্কগুলোর স্থানীয় মান নির্ণয় করতে পারব।

প্রশ্ন ৩ | ছয় অঙ্ক দ্বারা গঠিত একটি সংখ্যা ৬৩৪৭০৮। সংখ্যাটিতে প্রত্যেকটি অঙ্কেরই একটি স্থানীয় মান আছে।

ক. প্রদত্ত সংখ্যাটি কথায় লেখ। (সহজমান) ২
খ. ৬৩৪৭০৮ এর সংখ্যাটিতে ৪, ৩ ও ৬ এর স্থানীয় মান কত? (মধ্যমান) ৪
গ. ৬৩৪৭০৮ অঙ্কগুলোকে বিপরীতভাবে সাজালে যে সংখ্যা হয় তা কথায় প্রকাশ কর। (কঠিনমান) ৪

৩নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সংখ্যাটি কথায় লিখলে পাই, 'ছয় লক্ষ চৌত্রিশ হাজার সাত শত আট'।

খ ৬৩৪৭০৮ সংখ্যাটিতে
৪ এর স্থানীয় মান ৪ হাজার = ৪০০০
৩ " " " ৩ অযুত = ৩০০০০
৬ " " " ৬ লক্ষ = ৬০০০০০

গ ৬৩৪৭০৮ এর অঙ্কগুলোকে বিপরীতভাবে সাজালে প্রাপ্ত সংখ্যাটি নিম্নরূপ : ৮০৭৪৩৬
সংখ্যাটিতে ডানদিক থেকে তিন ঘর পর এবং এরপর দুই ঘর পর কমা (,) বসালে আমরা পাই, ৮,০৭,৪৩৬
সংখ্যাটিতে লক্ষের ঘরে ৮, অযুত ও হাজারের ঘর দুইটি মিলিয়ে ৭, শতকের ঘরে ৪, দশকের ঘরে ৩ এবং এককের ঘরে ৬।
সুতরাং, সংখ্যাটিকে কথায় প্রকাশ করলে হয় :
আট লক্ষ সাত হাজার চারশত ছত্রিশ।

প্রশ্ন ৪ | ৮, ২, ০, ৪, ৩, ৫ কয়েকটি অঙ্ক।

ক. ওপরে প্রদত্ত অঙ্কগুলোর মধ্যে কোনগুলো স্বাভাবিক সংখ্যা? (সহজমান) ২
খ. ওপরে প্রদত্ত অঙ্কগুলো দ্বারা গঠিত ছয় অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় কর। (মধ্যমান) ৪
গ. ওপরে প্রদত্ত অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যার অঙ্কগুলোর স্থানীয় মান নির্ণয় কর। (কঠিনমান) ৪

৪নং প্রশ্নের সমাধান

ক ৮, ২, ০, ৪, ৩, ৫ অঙ্কগুলোর মধ্যে ৮, ২, ৪, ৩, ৫ স্বাভাবিক সংখ্যা।

খ প্রদত্ত অঙ্কগুলো হচ্ছে ৮, ২, ০, ৪, ৩, ৫।
অঙ্কপাতনে যেকোনো অবস্থানে বৃহত্তর অঙ্কের স্থানীয় মান ক্ষুদ্রতর অঙ্কের স্থানীয় মান অপেক্ষা বড় হবে।
এখানে, ৮ > ৫ > ৪ > ৩ > ২ > ০
সুতরাং, বড় থেকে ছোট ক্রমে অঙ্কপাতন করলেই বৃহত্তম সংখ্যাটি পাওয়া যাবে।
নির্ণেয় বৃহত্তম সংখ্যা : ৮৫৪৩২০।
আবার, ০ < ২ < ৩ < ৪ < ৫ < ৮
সংখ্যাটি ছোট থেকে বড় ক্রমে অঙ্কপাতন করলেই ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে। কিন্তু সর্ববামে ০ বসালে প্রাপ্ত সংখ্যাটি অর্থবোধক ছয় অঙ্কের না হয়ে সংখ্যাটি পাঁচ অঙ্কের হবে।
অতএব, ০ বাদে ক্ষুদ্রতম অঙ্কটি সর্ববামে লিখে শূন্যসহ অন্যান্য অঙ্কগুলো ছোট থেকে বড় ক্রমে লিখলে ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে।
নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা : ২০৩৪৫৮।

www.abswer.com

www.abswer.com

ঘ খ-হতে প্রাপ্ত, বৃহত্তম সংখ্যা = ৮৫৪৩২০

৮৫৪৩২০ সংখ্যাটিতে–

০ এর স্থানীয় মান ০ একক = ০
২ এর স্থানীয় মান ২ দশক = ২০
৩ এর স্থানীয় মান ৩ শতক = ৩০০
৪ এর স্থানীয় মান ৪ হাজার = ৪০০০
৫ এর স্থানীয় মান ৫ অযুত = ৫০০০০
৮ এর স্থানীয় মান ৮ লক্ষ = ৮০০০০০

শীর্ষস্থানীয় স্কুলসমূহের সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ৫ | একজন শিক্ষার্থীকে এক অঙ্কের পাঁচটি সংখ্যা লিখতে বলায় সে ২, ০, ৩, ৭ ও ৪ লিখলো। আবার তাকে বলা হলো ৪৭৫ □ ২ হতে □ চিহ্নিত স্থানে প্রতিবার একটি অঙ্ক বসালে প্রতিক্ষেত্রে প্রাপ্ত সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য হবে।

ক. শিক্ষার্থীর লেখা সংখ্যাগুলো থেকে মৌলিক সংখ্যাগুলো আলাদা করে সংখ্যাগুলোর মৌলিক সংখ্যা হওয়ার করণ লিখ। ২

খ. দেখাও যে শিক্ষার্থীর লেখা অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল ৯ দ্বারা বিভাজ্য। ৪

গ. □ চিহ্নিত স্থানে কোন কোন অঙ্ক বসবে তা নির্ণয় কর। ৪

[বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বগুড়া]

৫নং প্রশ্নের সমাধান

ক শিক্ষার্থীর লেখা সংখ্যাগুলো হলো : ২; ০, ৩, ৭ ও ৪
সংখ্যাগুলো থেকে মৌলিক সংখ্যাগুলো হলো : ২, ৩, ৭
কারণ, ২ × ১ = ২, ৩ × ১ = ৩, ৭ × ১ = ৭
অর্থাৎ, ২, ৩, ৭ এর গুণনীয়ক ১ এবং ঐ সংখ্যাটি।

খ শিক্ষার্থীর লেখা অঙ্কগুলো হলো : ২, ০, ৩, ৭ ও ৪।
এখানে, ৭ > ৪ > ৩ > ২ > ০
∴ ২, ০, ৩, ৭ ও ৪ দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা ৭৪৩২০ এবং ক্ষুদ্রতম সংখ্যা ২০৩৪৭।
বিয়োগফল = ৭৪৩২০ − ২০৩৪৭ = ৫৩৯৭৩
আবার, ৫৩৯৭৩ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল
= ৫ + ৩ + ৯ + ৭ + ৩ = ২৭; যা ৯ দ্বারা বিভাজ্য।
সুতরাং, ২, ০, ৩, ৭ ও ৪ দ্বারা গঠিত বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল ৯ দ্বারা বিভাজ্য। (দেখানো হলো)

গ ৪৭৫ □ ২ এ ব্যবহৃত অঙ্কগুলোর যোগফল = ৪ + ৭ + ৫ + ২ = ১৮; যা ৩ দ্বারা বিভাজ্য।
অতএব □ এর স্থানে ০ বসালে সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য হবে।
অঙ্কগুলো যোগফলের সাথে ৩ যোগ করলে হয়, ১৮ + ৩ = ২১; যা ৩ দ্বারা বিভাজ্য।
অতএব □ এর স্থলে ৩ বসালে গঠিত সংখ্যা ৩ দ্বারা বিভাজ্য;
একইভাবে, ১৮ + ৬ = ২৪; যা ৩ দ্বারা বিভাজ্য।
১৮ + ৯ = ২৭; যা ৩ দ্বারা বিভাজ্য।
সুতরাং □ এর স্থলে ৬ ও ৯ এর যে কোনটি বসালেও গঠিত সংখ্যা ৩ দ্বারা বিভাজ্য হবে।
অতএব □ এর স্থানে ০, ৩, ৬, ৯ অঙ্কগুলোর যে কোনোটি বসালে প্রতিক্ষেত্রে গঠিত সংখ্যা ৩ দ্বারা বিভাজ্য হবে।

প্রশ্ন ৬ | ৪, ০, ৫, ৩, ৯, ৮, ৭ কয়েকটি অঙ্ক।

ক. অঙ্কগুলো মাত্র একবার ব্যবহার করে ৭ অঙ্কের বৃহত্তম সংখ্যা লিখ। ২

খ. উপরোক্ত অঙ্কগুলো দ্বারা বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা লিখ যার প্রথমে ৩ এবং শেষে ৮ আছে। ৪

গ. সার্থক অঙ্কগুলো নিয়ে গঠিত বৃহত্তম সংখ্যাটির স্থানীয় মান নির্ণয় কর। ৪

[মীরপুর বাংলা স্কুল এন্ড কলেজ, ঢাকা]

৬নং প্রশ্নের সমাধান

ক অঙ্কপাতনের যেকোনো অবস্থানে বৃহত্তম অঙ্কের স্থানীয় মান ক্ষুদ্রতর অঙ্কের স্থানীয় মান অপেক্ষা বড়।
এখানে, ৯ > ৮ > ৭ > ৫ > ৪ > ৩ > ০.
বড় থেকে ছোট ক্রমে অঙ্কপাতন করলেই বৃহত্তম সংখ্যাটি পাওয়া যাবে।
∴ বৃহত্তম সংখ্যা = ৯৮,৭৫,৪৩০

খ প্রথমে ৩ এবং শেষে ৮ রেখে ৪, ০, ৫, ৩, ৯, ৮, ৭ অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যাটি ৩৯৭৫৪০৮।
আবার, প্রথমে ৩ এবং শেষে ৮ রেখে ৪, ০, ৫, ৩, ৯, ৮, ৭ অঙ্কগুলো দ্বারা গঠিত ক্ষুদ্রতম সংখ্যা ৩০৪৫৭৯৮।

গ ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০ অঙ্কগুলোর মধ্যে শূন্য (০) ব্যতীত বাকি অঙ্কগুলোকে সার্থক অঙ্ক বলা হয়। উদ্দীপকের অঙ্কগুলোর মধ্যে সার্থক অঙ্কগুলো হলো ৪, ৫, ৩, ৯, ৮, ৭।
এই সার্থক অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা ৯৮৭৫৪৩।
৯৮৭৫৪৩ বৃহত্তম সংখ্যাটিতে,

৩ এর স্থানীয় মান ৩ একক	=	৩
৪ এর স্থানীয় মান ৪ দশক	=	৪০
৫ এর স্থানীয় মান ৫ শতক	=	৫০০
৭ এর স্থানীয় মান ৭ হাজার	=	৭০০০
৮ এর স্থানীয় মান ৮ অযুত	=	৮০০০০
৯ এর স্থানীয় মান ৯ লক্ষ	=	৯০০০০০

বহুনির্বাচনি অংশ কমন উপযোগী বহুনির্বাচনি প্রশ্নোত্তর শিখি

মাস্টার ট্রেইনার প্যানেল প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. দেশীয় সংখ্যাপঠন রীতিতে সংখ্যার ডানদিক থেকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান যথাক্রমে প্রকাশ করে– (মধ্যমান)
ক হাজার, অযুত ও লক্ষ খ লক্ষ, নিযুত ও কোটি
● একক, দশক ও শতক ঘ শতক, হাজার, লক্ষ

২. দশ ভিত্তিক সংখ্যা প্রকাশের রীতিকে কী বলা হয়? (সহজমান)
ক মেট্রিক রীতি খ অকটেন রীতি
গ ভগ্নাংশ রীতি ● দশমিক বা দশ গুণোত্তর রীতি

৩. অযুতের ঘরে ৮ এবং হাজারের ঘরে ১ থাকলে পড়া হয়– (মধ্যমান)
ক একাশি খ আঠার গ একশ আশি ● একাশি হাজার

৪. সংখ্যায় ব্যবহৃত কোনো অঙ্ক তার অবস্থানের জন্য যে সংখ্যা প্রকাশ করে, তাকে ঐ অঙ্কের কী বলা হয়? (সহজমান)
ক ঋণাত্মক মান ● স্থানীয় মান গ ভগ্নাংশ মান ঘ দশমিক মান

৫. নিযুত ও লক্ষের ঘর মিলিয়ে যত হয় তত– (সহজমান)
● লক্ষ হিসেবে পড়া হয় খ হাজার হিসেবে পড়া হয়
গ শত হিসেবে পড়া হয় ঘ নিযুত হিসেবে পড়া হয়

৬. নিযুতের ঘরে ২ এবং লক্ষের ঘরে ৫ থাকলে কত পড়া হয়? (মধ্যমান)
ক পঁচিশ খ বায়ান্ন ● পঁচিশ লক্ষ ঘ দুই লক্ষ

৭. ২৪০৫ সংখ্যাটিতে ৪ এর স্থানীয় মান কত? (সহজমান)
ক ৪০ ● ৪০০ গ ৪০৫ ঘ ৪২৫

৮. ১২৬৩০৫ সংখ্যাটিতে ২ এর স্থানীয় মান কত? (সহজমান)
ক ২ খ ২০০ গ ২০০০ ● ২০০০০

www.abswer.com

www.abswer.com

৯. নিচের কোনটি সার্থক অঙ্ক? (সহজমান)
ক ০, ১, ২, ৩, ৪, ৫ খ ০, ১০, ১০০, ১০০০
গ ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০ ● ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯

১০. কত অপেক্ষা বড় সব সংখ্যাই দুই বা ততোধিক অঙ্ক পাশাপাশি বসিয়ে লেখা হয়? (সহজমান)
ক ০ খ ২ গ ৫ ● ৯

১১. নিচের কোনগুলো সংখ্যা লেখার প্রতীক? (সহজমান)
ক ১, ২, ৩, ৪, ৫ খ ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ১০
গ ০, ১০, ১০০, ১০০০, ১০০০০ ● ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০

১২. ১২৩৪৬৭ সংখ্যাটিতে ১ এর স্থানীয় মান নিচের কোনটি? (সহজমান)
ক ১ খ ১২৩৪৫৬ গ ১২৩৪৬৭ ● ১০০০০০

১৩. নিচের কোনটি ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা? (সহজমান)
ক ৯৯৯৯৯৯ খ ৯০০০০০ ● ১০০০০০ ঘ ৬৬৬৬৬৬

১৪. ৩৮৭৫২৭৩২২ কে কমা বসিয়ে লিখলে নিচের কোনটি হবে? (সহজমান)
ক ৩,৮,৭,৫,২,৭,৩,২,২ খ ৩৮৭৫,২৭৩২২
● ৩৮,৭৫,২৭,৩২২ ঘ ৩৮,৭৫,২৭,৩২,২

১৫. "এগার কোটি তের লক্ষ পাঁচশ তিন" কে অঙ্কে লিখলে নিচের কোনটি হবে? (সহজমান)
ক ১১০১৩০০০৫০৩ খ ১১০১৩০০৫০৩
● ১১১৩০০৫০৩ ঘ ১১০১৩০৫০৩

১৬. আন্তর্জাতিক গণনা রীতিতে মিলিয়নের ঘরে সর্বডানের ১ এর স্থানীয় মান কত? (মধ্যমান)
ক ১ দশক খ ১ শতক ● ১ মিলিয়ন ঘ ১ বিলিয়ন

১৭. ১ বিলিয়ন = কত কোটি? (সহজমান)
ক ১ কোটি খ ১০ কোটি গ ১১ কোটি ● ১০০ কোটি

১৮. ৬ মিলিয়নে কত লক্ষ? (মধ্যমান)
ক ১ লক্ষ খ ৬ লক্ষ গ ৬৬ লক্ষ ● ৬০ লক্ষ

১৯. ৮০০ কোটিতে কত বিলিয়ন? (মধ্যমান)
ক ১ বিলিয়ন ● ৮ বিলিয়ন গ ৮০ বিলিয়ন ঘ ৮০০ বিলিয়ন

২০. শিমুকে 'ত্রিশ লক্ষ পনের হাজার নয়শ চার' লিখতে বললে সে সঠিক লিখল। সে নিচের কোনটি লিখল? (সহজমান)
ক ৩০০১৫৯০৪ খ ৩০১৫৯০০৪ ● ৩০১৫৯০৪ ঘ ৩০৫১৯০৪

২১. ৪২০৩ সংখ্যাটিতে ২ এর স্থানীয় মান নিচের কোনটি? (সহজমান)
● ২০০ খ ২০০০ গ ২০ ঘ ২

২২. ৭০৮০৯ সংখ্যাটিতে ৮-এর স্থানীয় মান নিচের কোনটি? (মধ্যমান)
ক ৮০০০ ● ৮০০ গ ৮০০০০ ঘ ৮০

২৩. ৪, ৫, ১, ২, ৮, ৯, ৩ অঙ্কগুলো একবার মাত্র ব্যবহার করে সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা নিচের কোনটি? (কঠিনমান)
ক ৮৯৫৪৩২১ খ ৯৮৪৫২৩১ ● ৯৮৫৪৩২১ ঘ ৯৮৫৪২৩১

২৪. ৮, ৩, ০, ৫, ৪ অঙ্কগুলো দ্বারা গঠিত পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা কোনটি? (মধ্যমান)
ক ০৩৪৫৮ ● ৩০৪৫৮ গ ৮৫৪৩০ ঘ ৩৪৫০৮

২৫. অঙ্কপাতনের যেকোনো অবস্থানে ৯-এর স্থানীয় মান— (সহজমান)
● বৃহত্তম খ ক্ষুদ্রতম গ ঋণাত্মক ঘ মিশ্র ভগ্নাংশ

২৬. সাত অঙ্কবিশিষ্ট কোন বৃহত্তম সংখ্যার প্রথমে ৭ এবং শেষে ৬ আছে? (মধ্যমান)
ক ৭৯৯৯৬৬৯ খ ৭৯৯৯৯৯৫ ● ৭৯৯৯৯৯৬ ঘ ৬৯৯৯৯৯৭

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৭. ১০০০০ হলো—
i. একটি পূর্ণসংখ্যা
ii. পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা
iii. ১০০ এর বর্গসংখ্যা
নিচের কোনটি সঠিক? (সহজমান)
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

২৮. অঙ্কের ক্ষেত্রে—
i. ক্ষুদ্রতম অঙ্ক হলো ৯
ii. অঙ্ক পাতনের যেকোনো অবস্থানে ৯-এর স্থানীয় মান বৃহত্তম হবে
iii. সার্থক অঙ্ক ৯টি
নিচের কোনটি সঠিক? (মধ্যমান)
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i,ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০
উপরের তথ্যের ভিত্তিতে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :

২৯. উপরের প্রতীকগুলোকে কী বলা হয়? (সহজমান)
ক ভগ্নাংশ খ দশমিক ● অঙ্ক ঘ বিয়োজ্য

৩০. উপরে প্রদত্ত প্রতীকগুলোর মধ্যে সার্থক অঙ্ক কয়টি? (মধ্যমান)
ক ১টি খ ২টি ● ৯টি ঘ সবগুলো

৪৪ শীর্ষস্থানীয় স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩১. সার্থক অঙ্ক কয়টি? [গভঃ মুসলিম হাই স্কুল, চট্টগ্রাম]
ক ১টি খ ৫টি ● ৯টি ঘ ১০টি
[তথ্য/ব্যাখ্যা : সার্থক অঙ্ক হচ্ছে ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ ∴ সার্থক অঙ্ক ৯টি।]

৩২. অঙ্ক পাতনে কয়টি অঙ্ক ব্যবহার করা হয়? [বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া; রংপুর জিলা স্কুল, রংপুর]
ক ৮টি খ ৯টি ● ১০টি ঘ ১১টি

৩৩. আন্তর্জাতিক এবং দেশীয় সংখ্যা পঠন রীতিতে কত ঘর সাধারণ নিয়ম মেনে চলে? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক ১ ● ৩ গ ৫ ঘ ১০

৩৪. ১০০ কোটিতে কত বিলিয়ন? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
ক ১০ বিলিয়ন খ ১০০ বিলিয়ন ● ১ বিলিয়ন ঘ ৫ বিলিয়ন

৩৫. ৪২০৩ সংখ্যাটিতে ২ এর স্থানীয় মান নিচের কোনটি? [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক ২০ ● ২০০ গ ২০৩ ঘ ২০০০

৩৬. ৫ বিলিয়ন = কত কোটি? [মোহাম্মদপুর প্রিপারেটরি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]
ক ৫ কোটি খ ৫০ কোটি ● ৫০০ কোটি ঘ ৫০০০ কোটি

৩৭. ০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ এর মধ্যে কোনটি স্বাভাবিক সংখ্যা নয়? [ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ]
ক ৯ খ ৮ গ ১ ● ০

৩৮. ১ থেকে ৩৯ পর্যন্ত মৌলিক সংখ্যা কয়টি? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক ১০টি ● ১১টি গ ১২টি ঘ ১৩টি

৩৯. ১৫ থেকে ৪০ পর্যন্ত মৌলিক সংখ্যা কয়টি? [সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট]
ক ৫টি ● ৬টি গ ৭টি ঘ ৮টি

৪০. পাটীগণিতে সংখ্যা প্রতীক কয়টি? [বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া]
● ১০ খ ৯ গ ১১ ঘ ৮

৪১. ৩, ০, ৫, ২, ৭ অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা কত? [বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া]
ক ৭০৫২৩ ● ৭৫৩২০ গ ৭৩২৫০ ঘ ৭২৩৫০

৪২. চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যার আগের সংখ্যাটি কত? [পুলিশ লাইন্স মাধ্যমিক বিদ্যালয়, যশোর]
ক ১০০১ খ ১০০০ ● ৯৯৯ ঘ ৯৯৯৯

৪৩. কোনো সংখ্যায় ব্যবহৃত অঙ্কগুলির মান কীসের উপর নির্ভর করে? [চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম]
ক অঙ্কপাতন খ বিভাজ্য গ বিভাজ্যতা ● অবস্থান

৪৪. কত অপেক্ষা বড় সব সংখ্যাই দুই বা ততোধিক অঙ্ক পাশাপাশি বসিয়ে লেখা হয়? [রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়, রাজবাড়ী]
ক ০ খ ২ গ ৫ ● ৯

৪৫. ৫০০ কোটিতে কত বিলিয়ন? [নাসিরাবাদ সরকারি উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]
ক ৫০ খ ৪০ ● ৫ ঘ ২০

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৬. ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ০ প্রতীকগুলোর মধ্যে—
i. নয়টি স্বাভাবিক সংখ্যা
ii. ০-কে শূন্য বলা হয়
iii. প্রথম পাঁচটি সার্থক অঙ্ক
নিচের কোনটি সঠিক? [ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ]
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৪৭. নিচে তথ্যগুলো লক্ষ কর :
i. ১ বিলিয়ন = ১০ লক্ষ
ii. ১ মিলিয়ন = ১০ লক্ষ
iii. ১০০ কোটি = ১ বিলিয়ন
নিচের কোনটি সঠিক? [বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া]
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

www.abswer.com

www.abswer.com

অধ্যায় ০১

স্বাভাবিক সংখ্যা ও ভগ্নাংশ

অনুশীলনী ১.২ : মৌলিক ও যৌগিক সংখ্যা

অনুশীলনীর শিখনফল

অনুশীলনীটি পাঠ শেষে আমি যা জানতে পারব–

- বিভাজ্যতা ব্যাখ্যা করতে পারব।
- মৌলিক সংখ্যা চিহ্নিত করতে পারব।
- যৌগিক সংখ্যা চিহ্নিত করতে পারব।
- সহমৌলিক সংখ্যা চিহ্নিত করতে পারব।
- ২, ৩, ৪, ৫, ৯ দ্বারা বিভাজ্যতা যাচাই করতে পারব।
- বিভিন্ন অঙ্কের বৃহত্তর ও ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় করতে পারব।

শিখন অর্জন যাচাই

- মৌলিক, যৌগিক ও সহমৌলিক সংখ্যার ধারণা লাভ করব।
- বিভিন্ন সংখ্যা হতে মৌলিক ও যৌগিক সংখ্যা পৃথক করতে পারব।
- বিভাজ্যতার নিয়ম জেনে বিভাজ্যতা নির্ণয় করতে পারব।

শিখন সহায়ক উপকরণ

- মৌলিক, যৌগিক ও সহমৌলিক সংখ্যা সংবলিত ছক।
- বিভাজ্যতা সম্পর্কিত পাঠ্যপুস্তকের ৯ পৃষ্ঠার ছবি।
- পাঠ্যপুস্তকের সমস্যা ও কার্যাবলি।

এক নজরে অনুশীলনীর প্রয়োজনীয় বিষয় জেনে নিই

- মৌলিক সংখ্যা : যে সংখ্যার ১ এবং ঐ সংখ্যা ছাড়া অন্যকোনো গুণনীয়ক থাকে না তাকে মৌলিক সংখ্যা বলে। যেমন, ২, ৫, ১৩ এর গুণনীয়ক কেবল ১ এবং ঐ সংখ্যাটি। এ ধরনের সংখ্যাগুলো মৌলিক সংখ্যা।
- যৌগিক সংখ্যা : যে সংখ্যার ১ এবং ঐ সংখ্যা ছাড়াও এক বা একাধিক গুণনীয়ক থাকে তাকে যৌগিক সংখ্যা বলে। যেমন, ৬, ৯ এবং ১২ এর গুণনীয়ক ১ এবং ঐ সংখ্যা ছাড়াও এক বা একাধিক সংখ্যা আছে। এ ধরনের সংখ্যাগুলো যৌগিক সংখ্যা।
- সহমৌলিক সংখ্যা : দুই বা ততোধিক সংখ্যার সাধারণ গুণনীয়ক যদি ১ হয়, তবে সংখ্যাগুলো পরস্পর সহমৌলিক। যেমন, ৮ এবং ১৫ এর মধ্যে ১ ছাড়া অন্যকোনো সাধারণ গুণনীয়ক নেই। তাই ৮ এবং ১৫ সংখ্যাদ্বয় পরস্পর সহমৌলিক।
- বিভাজ্যতা সম্পর্কিত সাধারণ নিয়ম : কয়েকটি সংখ্যা আলাদাভাবে কোনো নির্দিষ্ট সংখ্যা দ্বারা বিভাজ্য হলে তাদের যোগফল ঐ নির্দিষ্ট সংখ্যা দ্বারা বিভাজ্য হবে।

অনুশীলন

সেরা পরীক্ষাপ্রস্তুতির জন্য 100% সঠিক ফরম্যাট অনুসরণে সর্বাধিক গাণিতিক সমস্যার সমাধান

শিক্ষার্থী বন্ধুরা, তোমাদের সেরা প্রস্তুতির জন্য এ অংশে কমন উপযোগী সকল গাণিতিক সমস্যা নির্ভুল সমাধান সহকারে সংযোজন করা হয়েছে। অনুশীলনের সুবিধার্থে গাণিতিক সমস্যাবলিকে অনুশীলনীর সমস্যা, সৃজনশীল অংশ, অনুশীলনমূলক কাজ এবং বহুনির্বাচনি অংশে বিভক্ত করে পাঠের ধারায় উপস্থাপন করা হয়েছে।

অনুশীলনীর সমস্যার সমাধান ও পাঠ্যবইয়ের সমস্যার সমাধান করি

গাণিতিক সমস্যার সমাধান

১। ৩০ থেকে ৭০ এর মধ্যে মৌলিক সংখ্যাগুলো লেখ।
সমাধান : আমরা জানি, যে সকল সংখ্যার ১ বা ঐ সংখ্যা ছাড়া অন্য কোনো গুণনীয়ক থাকে না তাদেরকে মৌলিক সংখ্যা বলে।
∴ ৩০ থেকে ৭০ এর মধ্যে মৌলিক সংখ্যাগুলো হলো
৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭।

২। সহমৌলিক জোড়া নির্ণয় কর :
(ক) ২৭, ৫৪
সমাধান : ২৭ ও ৫৪ কে মৌলিক গুণনীয়কে বিশ্লেষণ করে পাই,

৩ | ২৭	২ | ৫৪
৩ | ৯	৩ | ২৭
৩	৩ | ৯
	৩

এখানে, ২৭ = ১ × ৩ × ৩ × ৩
৫৪ = ১ × ২ × ৩ × ৩ × ৩
দেখা যাচ্ছে, ২৭ ও ৫৪ এর মধ্যে ১ ছাড়াও সাধারণ গুণনীয়ক ৩, ৩, ৩ বিদ্যমান।
∴ ২৭ ও ৫৪ সংখ্যাদ্বয় সহমৌলিক নয়।

(খ) ৬৩, ৯১
সমাধান : ৬৩ ও ৯১ কে মৌলিক গুণনীয়কে বিশ্লেষণ করে পাই,

৩ | ৬৩	৭ | ৯১
৩ | ২১	১৩
৭	

এখানে, ৬৩ = ১ × ৩ × ৩ × ৭
৯১ = ১ × ৭ × ১৩
দেখা যাচ্ছে, ৬৩ ও ৯১ এর মধ্যে ১ ছাড়াও সাধারণ গুণনীয়ক ৭ বিদ্যমান।
∴ ৬৩ ও ৯১ সংখ্যাদ্বয় সহমৌলিক নয়।

(গ) ১৮৯, ২১০
সমাধান : ১৮৯ ও ২১০ কে মৌলিক গুণনীয়কে বিশ্লেষণ করে পাই,

৩ | ১৮৯	২ | ২১০
৩ | ৬৩	৩ | ১০৫
৩ | ২১	৫ | ৩৫
৭	৭

www.abswer.com

www.abswer.com

এখানে, ১৮৯ = ১ × ৩ × ৩ × ৩ × ৭
২১০ = ১ × ২ × ৩ × ৫ × ৭
দেখা যাচ্ছে, ১৮৯ ও ২১০ এর মধ্যে ১ ছাড়াও সাধারণ গুণনীয়ক ৩ ও ৭ রয়েছে।
∴ ১৮৯ ও ২১০ সংখ্যাদ্বয় সহমৌলিক নয়।

(ঘ) ৫২, ৯৭
সমাধান : ৫২ ও ৯৭ কে মৌলিক গুণনীয়কে বিশ্লেষণ করে পাই,

২ | ৫২	১ | ৯৭
২ | ২৬	৯৭
১৩	

এখানে, ৫২ = ১ × ২ × ২ × ১৩
৯৭ = ১ × ৯৭
দেখা যাচ্ছে, ৫২ ও ৯৭ এর মধ্যে ১ ছাড়া অন্য কোনো সাধারণ গুণনীয়ক নেই।
∴ ৫২ ও ৯৭ সংখ্যাদ্বয় সহমৌলিক।

জেনে নিই : দুই বা ততোধিক সংখ্যাকে মৌলিক গুণনীয়কে বিশ্লেষণ করে যদি ১ ভিন্ন অন্য কোনো সাধারণ গুণনীয়ক না পাওয়া যায়, তবে এরা সহমৌলিক হবে। আবার, যদি ১ ছাড়াও এক বা একাধিক সাধারণ গুণনীয়ক থাকে তবে এরা সহমৌলিক হবে না।

৩। নিচের কোন সংখ্যাগুলো নির্দেশিত সংখ্যা দিয়ে নিঃশেষে বিভাজ্য?

(ক) ৩ দিয়ে : ৫৪৫, ৬৭৭৪, ৮৫৩৫
সমাধান : ১ম সংখ্যা ৫৪৫
৫৪৫ সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য কি না তা নির্ণয়ের জন্য ৫৪৫ সংখ্যাটির অঙ্কগুলো যোগ করি।
৫৪৫ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = ৫ + ৪ + ৫ = ১৪;
অঙ্কগুলোর যোগফল, ১৪ = ১৪ × ১; যা ৩ দ্বারা বিভাজ্য নয়।
∴ ৫৪৫ সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য নয়।

দ্বিতীয় সংখ্যা ৬৭৭৪
৬৭৭৪ সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য কি না তা নির্ণয়ের জন্য ৬৭৭৪ সংখ্যাটির অঙ্কগুলো যোগ করি।
৬৭৭৪ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = ৬ + ৭ + ৭ + ৪ = ২৪
অঙ্কগুলোর যোগফল, ২৪ = ৩ × ৮; যা ৩ দ্বারা বিভাজ্য।
∴ ৬৭৭৪ সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য।

তৃতীয় সংখ্যা ৮৫৩৫
৮৫৩৫ সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য কি না তা নির্ণয় করার জন্য ৮৫৩৫ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল নির্ণয় করি।
৮৫৩৫ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = ৮ + ৫ + ৩ + ৫ = ২১
অঙ্কগুলোর যোগফল, ২১ = ৩ × ৭; যা ৩ দ্বারা বিভাজ্য।
∴ ৮৫৩৫ সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য।

জেনে নিই : কোনো সংখ্যা ৩ দ্বারা বিভাজ্য কি না তা যাচাইয়ের জন্য সংখ্যাটির অঙ্কগুলো যোগ করে যোগফলকে ৩ দ্বারা ভাগ করতে হয়। যদি যোগফলটি ৩ দ্বারা নিঃশেষে বিভাজ্য হয় তবে উক্ত সংখ্যাও ৩ দ্বারা বিভাজ্য হবে, অন্যথায় নয়।

(খ) ৪ দিয়ে : ৮৫৪২, ২১৮৪, ৫২৭৪
সমাধান : ১ম সংখ্যা ৮৫৪২
৮৫৪২ সংখ্যাটির একক ও দশক স্থানীয় অঙ্ক দুইটি দ্বারা গঠিত সংখ্যা হচ্ছে ৪২।
এখানে, ৪২ = ২ × ৩ × ৭; যা ৪ দ্বারা বিভাজ্য নয়।
∴ ৮৫৪২ সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য নয়।

২য় সংখ্যা ২১৮৪
২১৮৪ সংখ্যাটির একক ও দশক স্থানীয় অঙ্ক দুইটি দ্বারা গঠিত সংখ্যা ৮৪।
এখানে, ৮৪ = ৩ × ৪ × ৭; যা ৪ দ্বারা বিভাজ্য।
∴ ২১৮৪ সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য।

তৃতীয় সংখ্যা ৫২৭৪
৫২৭৪ সংখ্যাটির একক ও দশক স্থানীয় অঙ্ক নিয়ে গঠিত সংখ্যা ৭৪।
এখানে, ৭৪ = ২ × ৩৭; যা ৪ দ্বারা বিভাজ্য নয়।
∴ ৫২৭৪ সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য নয়।

জেনে নিই : বিভাজ্যতার সূত্র অনুযায়ী কোনো সংখ্যার একক ও দশক স্থানের অঙ্ক দু'টি দ্বারা গঠিত সংখ্যা যদি ৪ দ্বারা বিভাজ্য হয় তবে উক্ত সংখ্যাও ৪ দ্বারা বিভাজ্য। আবার, একক ও দশক উভয় স্থানের অঙ্ক শূন্য (০) হলেও প্রদত্ত সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য হবে।

(গ) ৬ দিয়ে : ২১৮৪, ১০৭৪, ৭৮৩২
সমাধান : ১ম সংখ্যা ২১৮৪
২১৮৪ সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য কি-না তা নির্ণয় করার জন্য ২১৮৪ সংখ্যাটি একই সাথে ২ ও ৩ দ্বারা বিভাজ্য কি-না তা নির্ণয় করি।
২১৮৪ সংখ্যাটি জোড় হওয়ায় এটি ২ দ্বারা বিভাজ্য হবে।
২১৮৪ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = ২ + ১ + ৮ + ৪ = ১৫
এখানে, ১৫ = ৩ × ৫; যা ৩ দ্বারা বিভাজ্য।
∴ ২১৮৪ সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য।

দ্বিতীয় সংখ্যা ১০৭৪
১০৭৪ সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য কি-না তা নির্ণয় করার জন্য ১০৭৪ সংখ্যাটি একই সাথে ২ ও ৩ দ্বারা বিভাজ্য কি-না তা নির্ণয় করি।
১০৭৪ সংখ্যাটি জোড় হওয়ায় এটি ২ দ্বারা বিভাজ্য হবে।
১০৭৪ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = ১ + ০ + ৭ + ৪ = ১২
এখানে, ১২ = ৩ × ৪; যা ৩ দ্বারা বিভাজ্য
∴ ১০৭৪ সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য।

তৃতীয় সংখ্যা ৭৮৩২
৭৮৩২ সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য কি-না তা নির্ণয় করার জন্য ৭৮৩২ সংখ্যাটি একই সাথে ২ ও ৩ দ্বারা বিভাজ্য কি-না তা নির্ণয় করি।
৭৮৩২ সংখ্যাটি জোড় হওয়ায় এটি ২ দ্বারা বিভাজ্য হবে।
৭৮৩২ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = ৭ + ৮ + ৩ + ২ = ২০
এখানে, ২০ = ৪ × ৫; যা ৩ দ্বারা বিভাজ্য নয়।
∴ ৭৮৩২ সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য নয়।

জেনে নিই : বিভাজ্যতার নিয়ম অনুযায়ী কোনো সংখ্যা একই সাথে ২ ও ৩ দ্বারা বিভাজ্য হলে তা ৬ দ্বারা বিভাজ্য হবে।

(ঘ) ৯ দিয়ে : ৫০৭৫, ১৭৩৭, ২১৯৩
সমাধান : ১ম সংখ্যা ৫০৭৫
৫০৭৫ সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য কি-না তা নির্ণয় করার জন্য ৫০৭৫ সংখ্যাটির অঙ্কগুলো যোগ করি।
৫০৭৫ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = ৫ + ০ + ৭ + ৫ = ১৭
এখানে, ১৭ = ১ × ১৭; যা ৯ দ্বারা বিভাজ্য নয়।
∴ ৫০৭৫ সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য নয়।

দ্বিতীয় সংখ্যা ১৭৩৭
১৭৩৭ সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয় করার জন্য ১৭৩৭ সংখ্যাটির অঙ্কগুলো যোগ করি।
১৭৩৭ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = ১ + ৭ + ৩ + ৭ = ১৮
এখানে, ১৮ = ২ × ৯; যা ৯ দ্বারা বিভাজ্য।
∴ ১৭৩৭ সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য।

www.abswer.com

www.abswer.com

তৃতীয় সংখ্যা ২১৯৩

২১৯৩ সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য কি-না তা নির্ণয় করার জন্য সংখ্যার অঙ্কগুলো যোগ করি।

সংখ্যার অঙ্কগুলোর যোগফল = ২ + ১ + ৯ + ৩ = ১৫

এখানে, ১৫ = ৩ × ৫; যা ৯ দ্বারা বিভাজ্য নয়।

∴ সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য নয়।

জেনে নিই : বিভাজ্যতার নিয়ম অনুসারে, কোনো সংখ্যার অঙ্কগুলোর যোগফল ৯ দ্বারা বিভাজ্য হলে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে। তাই কোনো সংখ্যা ৯ দ্বারা বিভাজ্য কি না তা পরীক্ষা করার জন্য সংখ্যাটি অঙ্কগুলোর যোগফল বের করে ঐ যোগফলকে ৯ দ্বারা ভাগ করা হয়।

৪। নিচের ☐ চিহ্নিত স্থানে কোন কোন অঙ্ক বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে?

(ক) ৫ ☐ ৪৭২৩

সমাধান : ৫ ☐ ৪৭২৩ এ ব্যবহৃত অঙ্কগুলোর যোগফল ৫ + ৪ + ৭ + ২ + ৩ = ২১; যা ৯ দ্বারা বিভাজ্য নয়।

অঙ্কগুলোর যোগফলের সাথে ৬ যোগ করলে হয় ২১ + ৬ বা ২৭; যা ৯ দ্বারা বিভাজ্য।

∴ ☐ চিহ্নিত স্থানে ৬ বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

(খ) ৮১২ ☐ ৭৪

সমাধান : ৮১২ ☐ ৭৪ এ ব্যবহৃত অঙ্কগুলোর যোগফল ৮ + ১ + ২ + ৭ + ৪ = ২২; যা ৯ দ্বারা বিভাজ্য নয়।

অঙ্কগুলোর যোগফলের সাথে ৫ যোগ করলে হয় ২২ + ৫ বা ২৭, যা ৯ দ্বারা বিভাজ্য।

∴ ☐ চিহ্নিত স্থানে ৫ বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

(গ) ☐ ৪১৫৭৮

সমাধান : ☐ ৪১৫৭৮ এ ব্যবহৃত অঙ্কগুলোর যোগফল ৪ + ১ + ৫ + ৭ + ৮ = ২৫; যা ৯ দ্বারা বিভাজ্য নয়।

অঙ্কগুলোর যোগফলের সাথে ২ যোগ করলে হয় ২৫ + ২ বা ২৭; যা ৯ দ্বারা বিভাজ্য।

∴ ☐ চিহ্নিত স্থানে ২ বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

(ঘ) ৫৭৪২ ☐

সমাধান : ৫৭৪২ ☐ এ ব্যবহৃত অঙ্কগুলোর যোগফল ৫ + ৭ + ৪ + ২ = ১৮; যা ৯ দ্বারা বিভাজ্য।

∴ ☐ এর স্থানে ০ বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

আবার, অঙ্কগুলোর যোগফলের সাথে ৯ যোগ করলে হয় ১৮ + ৯ বা ২৭; যা ৯ দ্বারা বিভাজ্য।

∴ ☐ এর স্থলে ০, ৯ অঙ্কগুলোর যেকোনোটি বসালে সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য হবে।

৫। পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় কর যা ৩ দ্বারা বিভাজ্য।

সমাধান : পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০

সংখ্যাটিতে অঙ্কগুলোর যোগফল = ১; যা ৩ দ্বারা বিভাজ্য নয়।

১ এর সাথে ২ যোগ করলে হয় ১ + ২ = ৩; যা ৩ দ্বারা বিভাজ্য।

∴ ১০০০০ এর কাছাকাছি এবং ১০০০০ অপেক্ষা বড় সংখ্যা ১০০০০ + ২ বা ১০০০২; যা ৩ দ্বারা বিভাজ্য।

নির্ণেয় সংখ্যা ১০০০২।

৬। সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা নির্ণয় কর যা ৬ দ্বারা বিভাজ্য।

সমাধান : সাত অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯৯৯৯

সংখ্যাটিতে অঙ্কগুলোর যোগফল = ৯ + ৯ + ৯ + ৯ + ৯ + ৯ + ৯ = ৬৩; যা ৬ দ্বারা বিভাজ্য নয়।

৬৩ এর সাথে ৩ যোগ করলে বা বিয়োগ করলে সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য হবে। অর্থাৎ প্রদত্ত সংখ্যার সাথে ৩ যোগ করলে বা বিয়োগ করলে সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য হবে।

৯৯৯৯৯৯৯ এর সাথে ৩ যোগ করলে হয় ৯৯৯৯৯৯৯ + ৩ বা ১০০০০০০২; যা ৬ দ্বারা বিভাজ্য। কিন্তু তা আট অঙ্কের সংখ্যা। তাই গ্রহণযোগ্য নয়।

আবার সংখ্যাটি থেকে ৩ বিয়োগ করলে দাঁড়ায়

৯৯৯৯৯৯৯ − ৩ বা ৯৯৯৯৯৯৬; যা ৬ দ্বারা বিভাজ্য।

নির্ণেয় সংখ্যা ৯৯৯৯৯৯৬।

৭। ৩, ০, ৫, ২, ৭ অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা ৪ এবং ৫ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয় কর।

সমাধান : ৩, ০, ৫, ২, ৭ অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা ৭৫৩২০। আমরা জানি, কোনো সংখ্যার দশক ও একক স্থানীয় অঙ্ক দ্বারা গঠিত সংখ্যা ৪ দ্বারা বিভাজ্য হলে তা ৪ দ্বারা বিভাজ্য। সুতরাং সংখ্যাটির একক ও দশক স্থানের অঙ্ক দু'টি দ্বারা গঠিত সংখ্যা ২০; যা ৪ দ্বারা বিভাজ্য।

∴ সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য।

আবার, কোনো সংখ্যার একক স্থানীয় অঙ্ক ০ বা ৫ হলে, সংখ্যা ৫ দ্বারা বিভাজ্য।

এখানে, সংখ্যাটির একক স্থানীয় অঙ্ক ০।

∴ সংখ্যাটি ৫ দ্বারা বিভাজ্য।

∴ প্রদত্ত অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা ৪ এবং ৫ দ্বারা বিভাজ্য।

সৃজনশীল অংশ — কমন উপযোগী সৃজনশীল প্রশ্নের সমাধান করি

মাস্টার ট্রেইনার প্যানেল প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান

শিখনফল : বিভাজ্যতা ব্যাখ্যা করতে পারব।

প্রশ্ন ১ ৮, ০, ৬, ৫, ৭ অঙ্কগুলো লক্ষ কর :

ক. প্রদত্ত অঙ্কগুলোর সবগুলো অঙ্ক মাত্র একবার ব্যবহার করে পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা গঠন কর। (সহজমান) ২

খ. সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য কি-না যাচাই কর। (মধ্যমান) ৪

গ. সংখ্যাটির শেষে কোন অঙ্ক বসালে সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য হবে। (কঠিনমান) ৪

১নং প্রশ্নের সমাধান

ক ৮, ০, ৬, ৫, ৭ অঙ্কগুলো দ্বারা গঠিত পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৮৭৬৫০

খ গঠিত সংখ্যাটি হলো : ৮৭৬৫০।

এখানে, ৮৭৬৫০ সংখ্যাটির একক স্থানীয় অঙ্ক ০; যা জোড়সংখ্যা

∴ ৮৭৬৫০ সংখ্যাটি ২ দ্বারা বিভাজ্য।

আবার, ৮৭৬৫০ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল = ৮ + ৭ + ৬ + ৫ + ০ = ২৬; যা ৩ দ্বারা বিভাজ্য নয়।

সুতরাং ৮৭৬৫০ সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য নয়।

গ খ-হতে প্রাপ্ত সংখ্যাটি হলো : ৮৭৬৫০।

এখানে, ৮৭৬৫০ সংখ্যাটির একক স্থানীয় অঙ্ক ০, যা জোড় সংখ্যা।

∴ ৮৭৬৫০ সংখ্যাটি ২ দ্বারা বিভাজ্য।

৮৭৬৫০ এর অঙ্কগুলোর সমষ্টি ২৬। তাই সংখ্যাটি ৩ বা ৬ দ্বারা বিভাজ্য নয়।

www.abswer.com

www.abswer.com

০ এর স্থানে ১ বসালে অঙ্কগুলোর যোগফল হবে ২৬ + ১ = ২৭, যা ৩ দ্বারা বিভাজ্য।
০ এর স্থানে ৪ বসালে অঙ্কগুলোর যোগফল হবে ২৬ + ৪ = ৩০, যা ৩ দ্বারা বিভাজ্য।
০ এর স্থানে ৭ বসালে অঙ্কগুলোর যোগফল হবে ২৬ + ৭ = ৩৩, যা ৩ দ্বারা বিভাজ্য।

সুতরাং সংখ্যাটির শেষে ১, ৪, ৭ অঙ্কগুলোর যেকোনোটি বসালে সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য হবে।

প্রশ্ন ২ ৩, ৪, ৮, ০, ৭ কয়েকটি অঙ্ক।

ক. উপরে প্রদত্ত মৌলিক সংখ্যা ও যৌগিক সংখ্যাগুলো লেখ। (সহজমান) ২

খ. উপরে প্রদত্ত অঙ্কগুলো দ্বারা গঠিত ক্ষুদ্রতম সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য কি-না নির্ণয় কর। (মধ্যমান) ৪

গ. খ-এ গঠিত ক্ষুদ্রতম সংখ্যাটির ০ এর স্থানে কোন অঙ্ক বসালে সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য হবে? (কঠিনমান) ৪

২নং প্রশ্নের সমাধান

ক উপরে প্রদত্ত মৌলিক সংখ্যাগুলো হচ্ছে ৩, ৭
এবং যৌগিক সংখ্যাগুলো হচ্ছে ৪, ৮

খ ৩, ৪, ৮, ০, ৭ অঙ্কগুলো দ্বারা গঠিত ক্ষুদ্রতম সংখ্যা = ৩০৪৭৮।
এখানে, ৩০৪৭৮ সংখ্যাটির একক স্থানীয় অঙ্ক ৮; যা জোড়সংখ্যা।
∴ ৩০৪৭৮ সংখ্যাটি ২ দ্বারা বিভাজ্য।
আবার, ৩০৪৭৮ সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল
= ৩ + ০ + ৪ + ৭ + ৮
= ২২; যা ৩ দ্বারা বিভাজ্য নয়।
সুতরাং ৩, ৪, ৮, ০, ৭ অঙ্কগুলো দ্বারা গঠিত ক্ষুদ্রতম সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য নয়।

গ খ-হতে প্রাপ্ত ক্ষুদ্রতম সংখ্যা = ৩০৪৭৮
এখানে, ৩০৪৭৮ সংখ্যাটির একক স্থানীয় অঙ্ক ৮; যা জোড় সংখ্যা।
∴ ৩০৪৭৮ সংখ্যাটি ২ দ্বারা বিভাজ্য।
৩০৪৭৮ এর অঙ্কগুলোর সমষ্টি ২২। তাই সংখ্যাটি ৩ বা ৬ দ্বারা বিভাজ্য নয়।
০ এর স্থানে ২ বসালে অঙ্কগুলোর যোগফল হবে
২২ + ২ = ২৪; যা ৩ দ্বারা বিভাজ্য।
০ এর স্থানে ৫ বসালে অঙ্কগুলোর যোগফল
২২ + ৫ = ২৭; যা ৩ দ্বারা বিভাজ্য।
০ এর স্থানে ৮ বসালে অঙ্কগুলোর যোগফল
২২ + ৮ = ৩০; যা ৩ দ্বারা বিভাজ্য।
সুতরাং সংখ্যাটির ০ এর স্থানে ২, ৫, ৮ অঙ্কগুলোর যেকোনোটি বসালে সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য হবে।

শিখনফল : মৌলিক সংখ্যা চিহ্নিত করতে পারব।

প্রশ্ন ৩ গণিত শিক্ষক ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে বলল ৪০ থেকে বড় কিন্তু ৯০ থেকে ছোট সংখ্যাগুলোর মধ্যে কিছু মৌলিক ও কৃত্রিম সংখ্যা রয়েছে।

ক. ৮ দ্বারা বিভাজ্য সংখ্যাগুলো লেখ। (সহজমান) ২

খ. মৌলিক সংখ্যাগুলো লেখ। (মধ্যমান) ৪

গ. কৃত্রিম সংখ্যাগুলোর মধ্যে যেগুলো ১০ দ্বারা বিভাজ্য সেগুলো লেখ। (কঠিনমান) ৪

৩নং প্রশ্নের সমাধান

ক ৪০ থেকে বড় কিন্তু ৯০ থেকে ছোট সংখ্যাগুলোর মধ্যে ৮ দ্বারা বিভাজ্য সংখ্যাগুলো হলো : ৪৮, ৫৬, ৬৪, ৭২, ৮০, ৮৮

খ ৪০ থেকে বড় কিন্তু ৯০ থেকে ছোট সংখ্যাগুলোর মধ্য মৌলিক সংখ্যাগুলো হলো :
৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯

গ ৪০ থেকে বড় কিন্তু ৯০ থেকে ছোট সংখ্যাগুলোর মধ্যে কৃত্রিম সংখ্যাগুলো হলো :
৪২, ৪৪, ৪৫, ৪৬, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৬০, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৮, ৬৯, ৭০, ৭২, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৮০, ৮১, ৮২, ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ৮৮
কৃত্রিম সংখ্যাগুলোর মধ্যে যে সংখ্যাগুলোর একক স্থানীয় অঙ্কে শূন্য আছে ঐ সংখ্যাগুলোই ১০ দ্বারা বিভাজ্য।
∴ ১০ দ্বারা বিভাজ্য সংখ্যাগুলো হলো : ৫০, ৬০, ৭০, ৮০।

শিখনফল : যৌগিক ও সহমৌলিক সংখ্যা চিহ্নিত করতে পারব।

প্রশ্ন ৪ ১২৫ এবং ১৫২ দুইটি সংখ্যা।

ক. উপরের প্রদত্ত সংখ্যা দুইটি মৌলিক না যৌগিক? (সহজমান) ২

খ. উপরে প্রদত্ত সংখ্যাদ্বয় পরস্পর সহমৌলিক কি-না নির্ণয় কর। (মধ্যমান) ৪

গ. উপরে প্রদত্ত সংখ্যাদ্বয় ৪ ও ৫ দ্বারা নিঃশেষে বিভাজ্য কি-না নির্ণয় কর। (কঠিনমান) ৪

৪নং প্রশ্নের সমাধান

ক এখানে, ১২৫ = ১ × ৫ × ৫ × ৫
∴ ১২৫ এর গুণনীয়কগুলো হচ্ছে ১, ৫, ২৫, ১২৫
১২৫ এর ১ ও ১২৫ ছাড়াও একাধিক গুণনীয়ক রয়েছে।
সুতরাং ১২৫ যৌগিক সংখ্যা।
আবার, ১৫২ = ১ × ২ × ২ × ২ × ১৯
∴ ১৫২ এর গুণনীয়কগুলো হচ্ছে ১, ২, ৪, ৮, ১৯, ৩৮, ৭৬, ১৫২
১৫২ এর ১ ও ১৫২ ছাড়াও একাধিক গুণনীয়ক রয়েছে।
সুতরাং ১৫২ যৌগিক সংখ্যা।

খ আমরা জানি, দুই বা ততোধিক সংখ্যার সাধারণ গুণনীয়ক কেবলমাত্র ১ হলে, সংখ্যাগুলো সহমৌলিক।
এখানে ১২৫ এর গুণনীয়কগুলো হচ্ছে ১, ৫, ২৫, ১২৫।
এবং ১৫২ এর গুণনীয়কগুলো হচ্ছে ১, ২, ৪, ৮, ১৯, ৩৮, ৭৬, ১৫২।
দেখা যাচ্ছে, ১২৫ ও ১৫২ এর মধ্যে ১ ছাড়া অন্যকোনো সাধারণ উৎপাদক নেই।
সুতরাং ১২৫ এবং ১৫২ পরস্পর সহমৌলিক।

গ ৪ দ্বারা বিভাজ্যতা নির্ণয় : ১২৫ সংখ্যায় একক ও দশক স্থানীয় অঙ্ক দুইটি দ্বারা গঠিত সংখ্যা হচ্ছে ২৫।
এখানে ২৫ = ৫ × ৫; যা ৪ দ্বারা বিভাজ্য নয়।
∴ ১২৫ সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য নয়।
১৫২ সংখ্যায় একক ও দশক স্থানীয় অঙ্ক দুইটি দ্বারা গঠিত সংখ্যা হচ্ছে ৫২।
এখানে, ৫২ = ৪ × ১৩; যা ৪ দ্বারা বিভাজ্য।
∴ ১৫২ সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য।

৫ দ্বারা বিভাজ্যতা নির্ণয় :
আমরা জানি, কোনো সংখ্যার একক স্থানীয় অঙ্ক ০ বা ৫ হলে, সংখ্যাটি ৫ দ্বারা বিভাজ্য হবে।
এখন, ১২৫ সংখ্যাটির একক স্থানীয় অঙ্ক ৫।
সুতরাং ১২৫ সংখ্যাটি ৫ দ্বারা বিভাজ্য।
আবার, ১৫২ সংখ্যাটি একক স্থানীয় অঙ্ক ২।
সুতরাং ১৫২ সংখ্যাটি ৫ দ্বারা বিভাজ্য নয়।

www.abswer.com

www.abswer.com

শীর্ষস্থানীয় স্কুলসমূহের সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ৫ | একটি মোবাইলের গ্রামীন নম্বর থেকে একটি কল আসল। ঐ নম্বরে ০১৭১ এরপর ৪, ০, ৫, ৩, ৯, ৮, ৭ কয়েকটি অঙ্ক প্রতীক দেখা গেলো।

ক. অঙ্ক প্রতীকগুলো মাত্র একবার ব্যবহার করে সাত অঙ্কের বৃহত্তম সংখ্যাটি লেখ। ২

খ. উদ্দীপকের অঙ্কগুলো দ্বারা গঠিত সাত অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা লেখ যার প্রথমে ৩ এবং শেষে ৮ আছে। ৪

গ. অঙ্ক প্রতীকের মাধ্যমে প্রাপ্ত বৃহত্তম সংখ্যাটি ৪ এবং ৫ দ্বারা বিভাজ্য কিনা তা নির্ণয় কর। ৪

[শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]

৫নং প্রশ্নের সমাধান

ক অঙ্ক প্রতীকগুলো হলো : ৪, ০, ৫, ৩, ৯, ৮ ও ৭।
এখানে, ৯ > ৮ > ৭ > ৫ > ৪ > ৩ > ০
নির্ণেয় বৃহত্তম সংখ্যা ৯৮৭৫৪৩০।

খ 'ক' হতে প্রাপ্ত, সংখ্যাটি ৯৮৭৫৪৩০।
অঙ্ক পাতনের যে কোন অবস্থানে বৃহত্তর অঙ্কের স্থানীয় মান ক্ষুদ্রতর অঙ্কের স্থানীয় মান অপেক্ষা বড় হবে।
এখানে প্রদত্ত অঙ্কগুলোকে ক্ষুদ্রতম মান অনুসারে সাজালে দাঁড়ায়,
৯ > ৮ > ৭ > ৫ > ৪ > ৩ > ০
∴ বড় থেকে ছোট ক্রমে অঙ্ক পাতন করলেই বৃহত্তম সংখ্যাটি পাওয়া যাবে। এখানে প্রদত্ত সংখ্যা মোট ৭টি
নির্ণেয় বৃহত্তম সংখ্যা : ৯৮,৭৫,৪৩০
আবার, ছোট থেকে বড় ক্রমে অঙ্ক পাতন করলেই ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যাবে।
অঙ্কগুলোকে ক্ষুদ্রতম মান অনুসারে সাজালে দাঁড়ায়,
০ < ৩ < ৪ < ৫ < ৭ < ৮ < ৯
শূন্য (০) সর্ববামে থাকলে এর কোনো মান হয় না। সুতরাং শূন্য (০) বাদে ক্ষুদ্রতম অঙ্কটি সর্ববামে লিখে শূন্যসহ অন্যান্য অঙ্কগুলো ছোট থেকে বড় ক্রমে লিখলে ক্ষুদ্রতম সংখ্যাটি পাওয়া যায়।
নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা : ৩০,৪৫,৭৮৯

গ 'ক' হতে প্রাপ্ত, সংখ্যাটি ৯৮৭৫৪৩০
যেহেতু সংখ্যাটির একক স্থানীয় অঙ্কটি শূন্য (০) কাজেই সংখ্যাটি ৫ দ্বারা বিভাজ্য।
২ | ১২, ১৫, ২০, ৩৫	
২ | ৬, ১৫, ১০, ৩৫	
৩ | ৩, ১৫, ৫, ৩৫	
৫ | ১, ৫, ৫, ৩৫	
১, ১, ১, ৭	

সংখ্যাগুলোর ল.সা.গু. = ২ × ২ × ৩ × ৫ × ৭ = ৪২০
∴ ক্ষুদ্রতম সংখ্যাটি = (৪২০ + ১০) = ৪৩০

গ 'খ' হতে প্রাপ্ত, সংখ্যাগুলোর ল.সা.গু. = ৪২০
আমরা জানি, চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০
৪২০) ১০০০ (২
৮৪০
১৬০

www.abswer.com

www.abswer.com

৪২০ দ্বারা ভাগ করলে ১৬০ অবশিষ্ট থাকে। ১০০০ থেকে ১৬০ কম হলে প্রাপ্ত সংখ্যাটি ৪২০ দ্বারা বিভাজ্য হবে।

৪২০ দ্বারা নিঃশেষে বিভাজ্য সংখ্যাটি (১০০০ − ১৬০) = ৮৪০; কিন্তু সংখ্যাটি তিন অঙ্কবিশিষ্ট।

আবার, ১০০০ হতে (৪২০ − ১৬০) = ২৬০ বেশি হলেও সংখ্যাটি ৪২০ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে।

∴ ৪২০ দ্বারা নিঃশেষে বিভাজ্য সংখ্যা (১০০০ + ২৬০)
= ১২৬০ যা চার অঙ্কবিশিষ্ট

কিন্তু শর্তমতে, ভাগশেষ ৫ থাকতে হবে।

নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = (১২৬০ + ৫) ১২৬৫।

প্রশ্ন ১৭ পাঁচ অঙ্কের একটি বৃহত্তম সংখ্যাকে ১৬, ২৪, ৩০ ও ৩৬ দিয়ে ভাগ করলে প্রত্যেকবার ভাগশেষ ২৫ থাকে।

ক. ৩০ ও ৩৬ এর সাধারণ গুণনীয়কগুলো লেখ। ২

খ. মৌলিক গুণনীয়কের সাহায্যে ১৬, ২৪, ৩০ এবং ৩৬ এর ল.সা.গু. নির্ণয় কর। ৪

গ. বৃহত্তম সংখ্যাটি নির্ণয় করে তা হতে পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা বিয়োগ কর। ৪

[কুড়িগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়, কুড়িগ্রাম]

১৭নং প্রশ্নের সমাধান

ক এখানে,

৩০ = ১ × ৩০
= ২ × ১৫
= ৩ × ১০
= ৫ × ৬

৩৬ = ১ × ৩৬
= ২ × ১৮
= ৩ × ১২
= ৪ × ৯
= ৬ × ৬

∴ ৩০ এর গুণনীয়কগুলো হলো : ১, ২, ৩, ৫, ৬, ১০, ১৫ ও ৩০
এবং ৩৬ এর গুণনীয়কগুলো হলো : ১, ২, ৩, ৪, ৬, ৯, ১২, ১৮, ৩৬
∴ ৩০ ও ৩৬ এর সাধারণ গুণনীয়কগুলো : ১, ২, ৩, ৬

খ এখানে, ১৬ = ২ × ২ × ২ × ২
২৪ = ২ × ২ × ২ × ৩
৩০ = ২ × ৩ × ৫
৩৬ = ২ × ২ × ৩ × ৩

নির্ণেয় ল.সা.গু. = ২ × ২ × ২ × ২ × ৩ × ৩ × ৫ = ৭২০

গ 'খ' হতে প্রাপ্ত, প্রদত্ত সংখ্যাগুলোর ল.সা.গু. ৭২০
আমরা জানি, পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা ৯৯৯৯৯

```
৭২০)৯৯৯৯৯(১
 ৭২০
 ২৭৯৯
 ২১৬০
 ৬৩৯৯
 ৫৭৬০
  ৬৩৯
```

৭২০ দ্বারা ভাগ করলে ৬৩৯ অবশিষ্ট থাকে। ৯৯৯৯৯ থেকে ৬৩৯ কম হলে প্রাপ্ত সংখ্যাটি ৭২০ দ্বারা বিভাজ্য হবে।

আবার, ৯৯৯৯৯ থেকে (৭২০ − ৬৩৯) = ৮১ বেশি হলেও ৭২০ দ্বারা বিভাজ্য হবে। কিন্তু (৯৯৯৯৯ + ৮১) = ১০০০৮০ যা ছয় অঙ্কবিশিষ্ট;

সুতরাং, ৭২০ দ্বারা নিঃশেষে বিভাজ্য সংখ্যাটি হবে।

= (৯৯৯৯৯ − ৬৩০) = ৯৯৩৬০

শর্তানুযায়ী, ভাগশেষ ২৫ থাকতে হবে;

∴ বৃহত্তম সংখ্যা = (৯৯৩৬০ + ২৫)
= ৯৯৩৮৫

নির্ণেয় বৃহত্তম সংখ্যা	৯৯৩৮৫
পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা	(−) ১০০০০
∴ বিয়োগফল	৮৯৩৮৫

নির্ণেয় বিয়োগফল ৮৯৩৮৫।

অনুশীলনমূলক কাজের সমাধান — শিক্ষকের সহায়তায় নিজে করি

কাজ ১ ▸ চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ও তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা লেখ যাদের প্রত্যেকের একক ঘরের অঙ্ক ৮ হবে। সংখ্যা দুইটির গ. সা. গু. মৌলিক গুণনীয়ক ও ভাগ প্রক্রিয়ায় নির্ণয় কর। ● পাঠ্যবইয়ের পৃষ্ঠা-১২

সমাধান : চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ও তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা যাদের প্রত্যেকের একক ঘরের অঙ্ক ৮ তা যথাক্রমে ১০০৮ ও ৯৯৮।

১০০৮ ও ৯৯৮ কে মৌলিক গুণনীয়ক এর সাহায্যে গ.সা.গু. নির্ণয় করি:

১০০৮ এর মৌলিক গুণনীয়কগুলো ২, ২, ২, ২, ৩, ৩, ৭ এবং ৯৯৮ এর মৌলিক গুণনীয়কগুলো ২, ৪৯৯

১০০৮ ও ৯৯৮ এর সাধারণ মৌলিক গুণনীয়ক হলো ২

∴ ১০০৮ এবং ৯৯৮ এর গ. সা. গু. = ২

আবার, ভাগ প্রক্রিয়ায় ১০০৮ এবং ৯৯৮ এর গ. সা. গু. নির্ণয় করি–

```
৯৯৮) ১০০৮ (১
 ৯৯৮
 ----
   ১০) ৯৯৮ (৯৯
      ৯০
      --
      ৯৮
      ৯০
      --
       ৮) ১০ (১
          ৮
          --
          ২) ৮ (৪
             ৮
             --
             ০
```

এখানে,

শেষ ভাজক ২; যা ১০০৮ এবং ৯৯৮ এর গ. সা. গু.।

সুতরাং ১০০৮ এবং ৯৯৮ সংখ্যাদ্বয়ের গ. সা. গু. ২।

কাজ ২ ▸ দুই অঙ্কবিশিষ্ট দুইটি বা তিনটি সংখ্যার গ. সা. গু. অথবা ল. সা. গু. দ্রুত নির্ণয়ের কুইজ প্রতিযোগিতা কর।

● পাঠ্যবইয়ের পৃষ্ঠা-১৪

সমাধান : ধরি, দুই অঙ্কবিশিষ্ট তিনটি সংখ্যা ১২, ২৪, ৩৬ এর মৌলিক উৎপাদকগুলো বের করি।

১২ = ২ × ২ × ৩
২৪ = ২ × ২ × ২ × ৩
৩৬ = ২ × ২ × ৩ × ৩

এবার, ১২, ২৪ এবং ৩৬ এর গ. সা. গু. = ২ × ২ × ৩
= ১২

এবং ১২, ২৪ এবং ৩৬ এর ল. সা. গু. = ২ × ২ × ২ × ৩ × ৩
= ৭২

সুতরাং সংখ্যা তিনটির গ. সা. গু. ১২ এবং ল. সা. গু. ৭২।

www.abswer.com

www.abswer.com

বহুনির্বাচনি অংশ — কমন উপযোগী বহুনির্বাচনি প্রশ্নোত্তর শিখি

মাস্টার ট্রেইনার প্যানেল প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. ৩৫, ৪৯ এই সংখ্যাগুলোর ল. সা. গু. কত? (মধ্যমান)
ক ১২৯ খ ১৯২
● ২৪৫ ঘ ৪৩৮

২. ৬০ এবং ৯৬ -এর গ.সা.গু. কত? (সহজমান)
● ১২ খ ১১
গ ১৩ ঘ ১৮

৩. দুইটি সংখ্যার ল. সা. গু. ২৪ এবং গ. সা. গু. ৪। সংখ্যা দুইটির গুণফল কত? (কঠিনমান)
ক ৪৮ খ ৭২
● ৯৬ ঘ ১২০

৪. নিচের কোন সংখ্যাগুলোর ল. সা. গু. ৬৩। (মধ্যমান)
● ৭, ৯ খ ৩; ২৫
গ ৪, ৩৬ ঘ ৩, ৬০

৫. দুইটি সংখ্যার গুণফল ৫৪, গ.সা.গু. ৩ হলে, ল. সা. গু. কত? (কঠিনমান)
● ১৮ খ ৩
গ ৫৭ ঘ ১৬২

৬. প্রদত্ত সংখ্যাগুলোর সাধারণ গুণনীয়কগুলোর মধ্যে সবচেয়ে বড় গুণনীয়ককে ঐ সংখ্যাগুলোর কী বলা হয়? (সহজমান)
ক লঘিষ্ঠ সাধারণ গুণিতক (ল. সা. গু.) খ লঘিষ্ঠ সাধারণ গুণনীয়ক
গ গরিষ্ঠ সাধারণ গুণিতক ● গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক (গ. সা. গু.)

৭. গ. সা. গু. অর্থ কী? (সহজমান)
● গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক খ গরিষ্ঠ সাধারণ গুণিতক
গ লঘিষ্ঠ সাধারণ গুণনীয়ক ঘ লঘিষ্ঠ সাধারণ গুণিতক

৮. গ. সা. গু. নির্ণয় করার কয়টি পদ্ধতি আছে? (সহজমান)
ক ১টি ● ২টি
গ ৫টি ঘ ১০টি

৯. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ৩৬৫ ও ৪৬৩ কে ভাগ করলে ভাগশেষ যথাক্রমে ৫ ও ৭ থাকে? (কঠিনমান)
ক ১৮ খ ১২
গ ১৪ ● ২৪

১০. ১২ এবং ২০ এর গ. সা. গু. কত? (মধ্যমান)
ক ১২ খ ২০
● ৪ ঘ ৬
তথ্য/ব্যাখ্যা : ১২ এর গুণনীয়কগুলো হচ্ছে ১, ২, ৩, ৪, ৬ ও ১২
এবং ২০ এর গুণনীয়কগুলো হচ্ছে ১, ২, ৪, ৫, ১০, ২০
এখানে, ১২ এবং ২০ এর সাধারণ গুণনীয়কগুলো হচ্ছে ১, ২, ৪
সাধারণ গুণনীয়কগুলোর মধ্যে গরিষ্ঠ গুণনীয়ক ৪
∴ ১২ এবং ২০ এর গুণনীয়ক ৪।

১১. ১৫ এর গুণনীয়ক কয়টি? (মধ্যমান)
ক ১টি খ ২টি
গ ৩টি ● ৪টি
তথ্য/ব্যাখ্যা : ১৫ এর গুণনীয়কগুলো হচ্ছে ১, ৩, ৫, ১৫ ∴ ১৫ এর গুণনীয়ক ৪টি।

১২. ২৮৬, ৩৮৫ এবং ৪২৯ এর গ. সা. গু. কত? (মধ্যমান)
ক ২ খ ৫
● ১১ ঘ ১৩

১৩. ৬০ ও ৯৬ এর গ. সা. গু. নিচের কোনটি? (সহজমান)
● ১২ খ ১১
গ ৬ ঘ ১৮

১৪. ৪০, ৫০ এবং ৬০ এর ল. সা. গু. নিচের কোনটি? (কঠিনমান)
ক ৫০০ খ ৪৪৮
গ ৫৫০ ● ৬০০

১৫. কোনো বৃহত্তম সংখ্যা দ্বারা ৬৯, ৯৩ ও ২৪৬ কে ভাগ করলে কোনো ভাগশেষ থাকবে না? (কঠিনমান)
ক ২ ● ৩
গ ৯ ঘ ২৩

১৬. কোন ক্ষুদ্রতম সংখ্যার সাথে ৩ যোগ করলে যোগফল ১৮, ২৪ ও ৩৬ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে? (কঠিনমান)
ক ৭২ খ ৩৬ ● ৬৯ ঘ ৯৬

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৭. গ. সা. গু. ও ল. সা. গু. এর ক্ষেত্রে—
i. গ. সা. গু. অর্থ গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক
ii. ল. সা. গু. অর্থ লঘিষ্ঠ সাধারণ গুণনীয়ক
iii. দুইটি সংখ্যার গুণফল = সংখ্যাদ্বয়ের গ. সা. গু. × সংখ্যাদ্বয়ের ল. সা. গু.
নিচের কোনটি সঠিক? (সহজমান)
ক i ও ii খ ii ও iii ● i ও iii ঘ i, ii ও iii

১৮. দুইটি সংখ্যার গুণফল ৫৬০ এবং গ. সা. গু. ১৪
i. গ. সা. গু. ১৪ হলে, ল. সা. গু. ৪০
ii. গ. সা. গু. এর সাধারণ গুণনীয়ক ১, ২, ৭, ১৪
iii. গ. সা. গু. ও ল. সা. গু. সহমৌলিক
নিচের কোনটি সঠিক? (মধ্যমান)
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. গুণনীয়কের ক্ষেত্রে—
i. ১৫ এর গুণনীয়কগুলো হচ্ছে ১, ২, ৩, ৫, ১৫
ii. ৬ এর গুণনীয়ক ৪টি
iii. প্রদত্ত সংখ্যাগুলোর গ. সা. গু. হচ্ছে এদের সাধারণ মৌলিক গুণনীয়কগুলোর ধারাবাহিক গুণফল
নিচের কোনটি সঠিক? (সহজমান)
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ ৩৬৩ এবং ৪৬৩ দুইটি সংখ্যা।
উপরের তথ্যের ভিত্তিতে ২০—২২ নং প্রশ্নের উত্তর দাও :

২০. উপরের সংখ্যা দুইটির গ. সা. গু. কত? (মধ্যমান)
● ১ খ ২
গ ৩ ঘ ৬৩

২১. উপরে প্রদত্ত প্রথম সংখ্যাটির গুণনীয়ক নিচের কোনটি? (সহজমান)
ক ৩, ৬, ৩ খ ৪, ৬, ৩
● ১, ৩, ১১, ৩৩, ১২১, ৩৬৩ ঘ ১, ৩, ৩৩, ৩৬, ৩৬৩

২২. কোনো বৃহত্তম সংখ্যা দ্বারা প্রদত্ত সংখ্যাদ্বয়কে ভাগ করলে ভাগশেষ যথাক্রমে ৩ ও ৭ থাকে? (কঠিনমান)
ক ৩৬৬ খ ৪৭০
গ ৩৭ ● ২৪

■ কয়েকজন বালকের মধ্যে ৭২টি আপেল এবং ৮৮টি কলা সমানভাবে ভাগ করে দেওয়া হলো।
উপরের তথ্যের ভিত্তিতে ২৩—২৫নং প্রশ্নের উত্তর দাও :

২৩. সবচেয়ে বেশি কতজন বালকের মধ্যে ফলগুলো সমানভাবে ভাগ করে দেওয়া হয়েছে? (মধ্যমান)
ক ৮৮ জন খ ১৬ জন
● ৮ জন ঘ ৫ জন

২৪. প্রত্যেক বালক কতটি আপেল পাবে? (কঠিনমান)
ক ৭২টি খ ১৬টি
গ ১১টি ● ৯টি

২৫. প্রত্যেক বালক কতটি কলা পায়? (কঠিনমান)
ক ৮৮টি ● ১১টি
গ ১৬টি ঘ ৯টি

■ ১৫, ২৫, ৩০ তিনটি সংখ্যা।
উপরের তথ্যের ভিত্তিতে ২৬—২৮ নং প্রশ্নের উত্তর দাও :

২৬. উপরে প্রদত্ত জোড় সংখ্যাটির গুণনীয়ক নিচের কোনটি? (সহজমান)
ক ১, ৩, ৫, ১৫ খ ১, ৫, ২৫
● ১, ২, ৩, ৫, ৬, ১০, ১৫, ৩০ ঘ ১, ৫, ৬, ৩০
তথ্য/ব্যাখ্যা : উপরে প্রদত্ত জোড় সংখ্যাটি হল ৩০।
৩০ এর গুণনীয়কগুলো হচ্ছে : ১, ২, ৩, ৫, ৬, ১০, ১৫, ৩০।

২৭. প্রদত্ত সংখ্যাগুলোর গ. সা. গু. কত? (মধ্যমান)
ক ৬ ● ৫ গ ০ ঘ ১০

২৮. প্রদত্ত সংখ্যাগুলোর ল. সা. গু. কত? (মধ্যমান)
● ১৫০ খ ১৪০ গ ৭০ ঘ ৯০

www.abswer.com

www.abswer.com

শীর্ষস্থানীয় স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৯. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ১০০ ও ১৮৪ কে ভাগ করলে প্রত্যেকবার ভাগশেষ ৪ থাকবে? [রাজউক উত্তরা মডেল কলে. , ঢাকা]

ক ৫ ● ৬ গ ৮ ঘ ১৬

[তথ্য/ব্যাখ্যা : যেহেতু বৃহত্তম সংখ্যা দ্বারা ১০০ ও ১৮৪ কে ভাগ করলে ৪ অবশিষ্ট থাকে। কাজেই নির্ণেয় সংখ্যাটি হবে (১০০ − ৪) বা ৯৬ ও (১৮৪ − ৪) বা ১৮০ এর গ.সা.গু
৯৬ = ২ × ২ × ২ × ২ × ২ × ৩
১৮০ = ২ × ২ × ৩ × ৩ × ৫
∴ গ.সা.গু = ২ × ২ × ৩ = ১২
যেহেতু ১২ নাই সুতরাং ৬ হবে]

৩০. ৪ এর গুণনীয়ক কয়টি? [গভঃ মুসলিম হাই স্কুল, চট্টগ্রাম]

ক ১টি খ ২টি ● ৩টি ঘ ৪টি

[তথ্য/ব্যাখ্যা : ৪ এর গুণনীয়ক হচ্ছে ১, ২, ৪
∴ ৪ এর গুণনীয়ক ৩টি।]

৩১. সাধারণ ভগ্নাংশ কত প্রকার? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

ক ২ খ ১ ● ৩ ঘ ৪

৩২. ২, ৪, ৬, ৮ এর গ. সা. গু. কত? [শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]

ক ৪ ● ২ গ ৬ ঘ ১

৩৩. ২৫, ৩৫ ও ৮৫ সংখ্যাসমূহের গ.সা.গু. কত? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

ক ৪ খ ৮ ● ৫ ঘ ১৫

৩৪. ৭ ও ২১ -এর গ.সা.গু. কত? [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক ১ খ ৩ ● ৭ ঘ ২১

৩৫. দুইটি সংখ্যার গুণফল ৭২, এদের গ.সা.গু. ১ হলে ল. সা. গু. কত? [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক ১ খ ৮ গ ৯ ● ৭২

৩৬. ৪২, ৪৮.ও ৫৬-এর গ.সা.গু. কত? [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]

● ২ খ ৪ গ ১৬ ঘ ৪২

৩৭. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ৪৬ ও ৯১ কে ভাগ করলে প্রতি ক্ষেত্রে ১ অবশিষ্ট থাকে? [মোহাম্মদপুর প্রিপারেটরি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]

ক ৫ খ ৯ গ ১৫ ● ৪৫

৩৮. ৬, ১২ ও ১৮ এর গ. সা. গু. কত? [কুমিল্লা জিলা স্কুল, কুমিল্লা]

ক ২৬ ● ৬ গ ২৪ ঘ ১২

৩৯. দুইটি সংখ্যার গ.সা.গু. ১ এবং ল. সা. গু. ৩০। একটি সংখ্যা ৫ হলে, অপর সংখ্যা কত? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

ক ৫ ● ৬ গ ১৫ ঘ ৩০

[তথ্য/ব্যাখ্যা : আমরা জানি, দুইটি সংখ্যার গুণফল সংখ্যা দুইটির ল.সা.গু. ও গ.সা.গু. এর গুণফলের সমান।
∴ অপর সংখ্যা $= \frac{\text{ল.সা.গু.} \times \text{গ.সা.গু.}}{\text{একটি সংখ্যা}} = \frac{১ \times ৩০}{৫} = ৬$]

৪০. ইউক্লিডীয় প্রক্রিয়ায় ল. সা. গু. নির্ণয়ের ক্ষেত্রে কমপক্ষে কয়টি সংখ্যার সাধারণ গুণনীয়ক দ্বারা ভাগ করতে হয়? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

● ২টি খ ৩টি গ সব সংখ্যার ঘ ১টি

৪১. ২৮, ৪৮, ৭২ ও ৯৬ এর গ.সা.গু. কত? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা; বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া]

● ৪ খ ৮ গ ৬ ঘ ২

৪২. দুইটি সংখ্যার ল.সা.গু. এবং গ.সা.গু.'র গুণফল ১০৮। একটি সংখ্যা ১২ হলে সংখ্যা দুইটির গ.সা.গু. কত? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

ক ১ ● ৩ গ ৬ ঘ ৮

৪৩. ৩, ১২, ১৫, ২১ এর সাধারণ গুণনীয়ক কোনটি? [বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া]

ক ২ খ ৪ ● ৩ ঘ ৫

৪৪. সাধারণত ইউক্লিডীয় প্রক্রিয়ায় বৃহত্তর সংখ্যাকে ক্ষুদ্রতর সংখ্যা দ্বারা কি করা হয়? [চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম]

ক যোগ খ বিয়োগ গ গুণ ● ভাগ

৪৫. ১৮ এর গুণনীয়ক কয়টি? [পুলিশ লাইন্স মাধ্যমিক বিদ্যালয়, যশোর]

ক ৪টি খ ৫টি ● ৬টি ঘ ৭টি

৪৬. দুইটি সংখ্যার গুণফল ১০৮। একটি সংখ্যা ১২ হলে সংখ্যা দুটির গ.সা.গু. কত? [মোহাম্মদপুর প্রিপারেটরি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]

ক ১ খ ২ ● ৩ ঘ ৯

৪৭. তিনটি ঘণ্টা প্রথমে একত্রে বেজে প্রতি ৬, ৯ ও ১২ সেকেন্ড অন্তর বাজতে লাগল। ন্যূনতম কতক্ষণ পর ঘণ্টাগুলো পুনরায় আবার একত্রে বাজবে? [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]

● ৩৬ সেকেন্ড খ ৭২ সেকেন্ড গ ৪৮ সেকেন্ড ঘ ১৮ সেকেন্ড

৪৮. ১৪, ২১, ৫৬-এর ল.সা.গু. কত? [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]

ক ১৫৮ খ ১৪৮ ● ১৬৮ ঘ ১২৮

৪৯. দুইটি সংখ্যার গ. সা. গু ১ এবং ল. সা. গু. ২০। একটি সংখ্যা ৫ হলে অপরটি কত? [ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ]

ক ২ ● ৪ গ ৬ ঘ ৮

৫০. ৮, ১৫, ২১ এর গ. সা. গু. নিচের কোনটি? [চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম]

● ১ খ ৩ গ ৫ ঘ কোনোটিই নয়

৫১. নিচের কোন দুইটি সংখ্যার গ. সা. গু. ১১? [আগ্রাবাদ বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]

ক ১০৫, ১৬৫ ● ৮৮, ১৪৩ গ ৩২৩, ৪৩৭ ঘ ৪৯৬, ৭৭৫

৫২. নিচের কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ৯ এবং ১১ কে ভাগ করলে প্রতিক্ষেত্রে ১ অবশিষ্ট থাকে? [লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

● ২ খ ৩ গ ১ ঘ ৯৯

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৩. নিচের তথ্যগুলো লক্ষ কর :
i. দুইটি সংখ্যার গুণফল = সংখ্যা দুইটির ল.সা.গু. × সংখ্যা দুইটির গ.সা.গু.
ii. লঘু অনুপাত একটি সরল অনুপাত।
iii. মিশ্র অনুপাত, সরল অনুপাত নাও হতে পারে
নিচের কোনটি সঠিক? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫৪. নিচের তথ্যগুলো লক্ষ কর :
i. গ.সা.গু. এর পূর্ণরূপ গরিষ্ঠ সাধারণ গুণিতক
ii. ২৮, ৪৮ এর সাধারণ মৌলিক গুণনীয়ক ২
iii. দুইটি সংখ্যার গুণফল = সংখ্যাদ্বয়ের গ.সা.গু. × ল. সা.গু.
নিচের কোনটি সঠিক? [বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া]

● ii ও iii খ i ও ii গ i, ii ও iii ঘ i ও iii

৫৫. নিচের তথ্যগুলো লক্ষ কর :
i. গ.সা.গু. হচ্ছে গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক
ii. দুইটি সংখ্যা সহমৌলিক হলে, তাদের গ.সা.গু. ১
iii. ১৮ ও ৩৬ এর গ. সা. গু. ৩৬
নিচের কোনটি সঠিক? [পুলিশ লাইন্স মাধ্যমিক বিদ্যালয়, যশোর]

● i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের ভিত্তিতে ৫৬ ও ৫৭ নং প্রশ্নের উত্তর দাও :
১১৫৯ ও ১২৮১ দুইটি সংখ্যা। [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

৫৬. প্রথম সংখ্যার মৌলিক উৎপাদক নিচের কোনটি?

ক ৩১ খ ৪১ গ ৫১ ● ৬১

৫৭. সংখ্যা দুইটির গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক নিচের কোনটি?

ক ৪১ খ ৫১ ● ৬১ ঘ ৭১

নিচের তথ্যের ভিত্তিতে ৫৮ – ৬০নং প্রশ্নের উত্তর দাও :
একজন ছাত্রের নিকট ৬টি জাম, ৯টি আম এবং ১২টি লিচু আছে। [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]

৫৮. সবচেয়ে বেশি কয়জন ছাত্রের মধ্যে ঐ ফলগুলো সমানভাবে ভাগ করে দেওয়া যাবে?

ক ০ খ ১ গ ২ ● ৩

৫৯. প্রত্যেক ছাত্র কয়টি লিচু পাবে?

ক ১টি খ ২টি ● ৪টি ঘ ৫টি

৬০. উদ্দীপকের সংখ্যাগুলোর ল.সা. গু. কত?

● ৩৬ খ ৩২ গ ২৮ ঘ ২৪

www.abswer.com

www.abswer.com

অধ্যায় ০১

স্বাভাবিক সংখ্যা ও ভগ্নাংশ

অনুশীলনী ১.৪ : ভগ্নাংশের যোগ, বিয়োগ ও সরলীকরণ

অনুশীলনীর শিখনফল

অনুশীলনীটি পাঠ শেষে আমি যা জানতে পারব–

- ভগ্নাংশের যোগ ও বিয়োগ করতে পারব।
- ভগ্নাংশের তুলনা করতে পারব।
- বিকল্প পদ্ধতিতে ভগ্নাংশের যোগ-বিয়োগ করতে পারব।
- সাধারণ ভগ্নাংশ সম্পর্কে জানতে পারব।
- সাধারণ ভগ্নাংশের প্রকারভেদ ব্যাখ্যা করতে পারব।
- সংক্ষিপ্ত পদ্ধতিতে ভগ্নাংশের যোগফল নির্ণয় করতে পারব।
- সমহরবিশিষ্ট ভগ্নাংশে পরিণত করতে পারব।

শিখন অর্জন যাচাই

- সাধারণ ভগ্নাংশ সম্পর্কে ধারণা লাভ করব।
- প্রকৃত, অপ্রকৃত ও মিশ্র ভগ্নাংশ চিহ্নিত করতে পারব।
- ভগ্নাংশের তুলনা করে ছোট-বড় নির্ণয় করতে পারব।

শিখন সহায়ক উপকরণ

- ভগ্নাংশ সংবলিত লাল, নীল রঙের ফিতা।
- ভগ্নাংশ সংবলিত পোস্টার পেপার/ব্যানার।
- পাঠ্যপুস্তকের সমস্যা ও কার্যাবলি।

এক নজরে অনুশীলনীর প্রয়োজনীয় বিষয় জেনে নিই

- ভগ্নাংশের ধারণা গণিতের একটি মৌলিক বিষয়। গাণিতিকভাবে কোনো একটি সংখ্যাকে সমান কয়েক ভাগে ভাগ করে তার কতকগুলো অংশ নিয়ে ভগ্নাংশ গঠিত হয়। যেমন : $\frac{৩}{৫}, \frac{৮}{৫}$ ইত্যাদি। আমরা এ শ্রেণিতে ভগ্নাংশ বলতে সাধারণ ভগ্নাংশকে বুঝব। সাধারণ ভগ্নাংশ ৩ প্রকার। যথা– প্রকৃত ভগ্নাংশ, অপ্রকৃত ভগ্নাংশ ও মিশ্র ভগ্নাংশ।
- **প্রকৃত ভগ্নাংশ :** যে ভগ্নাংশের লব হর অপেক্ষা ক্ষুদ্রতর তাকে প্রকৃত ভগ্নাংশ বলে। যেমন : $\frac{৩}{৫}, \frac{৭}{১২}$ ইত্যাদি।
- **অপ্রকৃত ভগ্নাংশ :** যে ভগ্নাংশের লব হর অপেক্ষা বৃহত্তর তাকে অপ্রকৃত ভগ্নাংশ বলে। যেমন : $\frac{৮}{৫}, \frac{১৭}{১১}$ ইত্যাদি।
- **মিশ্র ভগ্নাংশ :** যে ভগ্নাংশের পূর্ণ অংশের সাথে প্রকৃত ভগ্নাংশ মিশ্রিত থাকে তাকে মিশ্র ভগ্নাংশ বলে। যেমন : $১\frac{২}{৩}, ৫\frac{১}{৪}$ ইত্যাদি।
- **মিশ্র ভগ্নাংশকে সাধারণ ভগ্নাংশে রূপান্তর :**

  মিশ্র ভগ্নাংশ $= \frac{\text{পূর্ণসংখ্যা} \times \text{হর} + \text{লব}}{\text{হর}}$

- **ভগ্নাংশ :** একটি ভগ্নাংশের হর ও লবকে ০ ব্যতিত অন্য একজাতীয় সংখ্যা দিয়ে গুণ বা ভাগ করলে ভগ্নাংশটির মানের কোনো পরিবর্তন না হলে তাকে সমতুল ভগ্নাংশ বলে।
  মিশ্র ভগ্নাংশ মূলত অপ্রকৃত ভগ্নাংশ থেকেই সৃষ্ট। তাই মিশ্র ভগ্নাংশকে সাধারণ অপ্রকৃত ভগ্নাংশে রূপান্তর করা যায়।
- ভগ্নাংশ সম্পর্কিত কতিপয় গুরুত্বপূর্ণ নিয়ম :
  ১. দু'টি ভগ্নাংশের হর একই হলে যে ভগ্নাংশের লব বড় সেই ভগ্নাংশটি বড়।
  ২. দু'টি ভগ্নাংশের লব একই হলে যে ভগ্নাংশের হর বড় সেই ভগ্নাংশটি ছোট।
  ৩. সমহরবিশিষ্ট কয়েকটি ভগ্নাংশের যোগফল একটি ভগ্নাংশ যার হর প্রদত্ত ভগ্নাংশের হর এবং যার লব প্রদত্ত ভগ্নাংশের লবগুলোর যোগফল।
  ৪. সমহরবিশিষ্ট ভগ্নাংশের বিয়োগফল একটি ভগ্নাংশ যার হর প্রদত্ত ভগ্নাংশের হর এবং যার লব প্রদত্ত ভগ্নাংশের লবগুলোর বিয়োগফল।

অনুশীলন

সেরা পরীক্ষাপ্রস্তুতির জন্য 100% সঠিক ফরম্যাট অনুসরণে সর্বাধিক গাণিতিক সমস্যার সমাধান

শিক্ষার্থী বন্ধুরা, তোমাদের সেরা প্রস্তুতির জন্য এ অংশে কমন উপযোগী সকল গাণিতিক সমস্যা নির্ভুল সমাধান সহকারে সংযোজন করা হয়েছে। অনুশীলনের সুবিধার্থে গাণিতিক সমস্যাবলিকে অনুশীলনীর সমস্যা, সৃজনশীল অংশ, অনুশীলনমূলক কাজ এবং বহুনির্বাচনি অংশে বিভক্ত করে পাঠের ধারায় উপস্থাপন করা হয়েছে।

অনুশীলনীর সমস্যার সমাধান

পাঠ্যবইয়ের সমস্যার সমাধান করি

গাণিতিক সমস্যার সমাধান

১। নিচের ভগ্নাংশ যুগল সমতুল কিনা নির্ধারণ কর :

(ক) $\frac{৫}{৮}, \frac{১৫}{২৪}$

সমাধান : আমরা জানি, দুইটি ভগ্নাংশকে সমতুল ধরা হয় যদি প্রথমটির লব ও দ্বিতীয়টির হরের গুণফল এবং প্রথমটির হর ও দ্বিতীয়টির লবের গুণফল সমান হয়।

এখানে, প্রথম ভগ্নাংশের লব × দ্বিতীয় ভগ্নাংশের হর = ৫ × ২৪ = ১২০

প্রথম ভগ্নাংশের হর × দ্বিতীয় ভগ্নাংশের লব = ৮ × ১৫ = ১২০

অর্থাৎ, উক্ত গুণফলদ্বয় সমান।

∴ $\frac{৫}{৮}, \frac{১৫}{২৪}$ ভগ্নাংশ-যুগল সমতুল।

(খ) $\frac{৭}{১১}, \frac{১৪}{৩৩}$

সমাধান : আমরা জানি, দুইটি ভগ্নাংশকে সমতুল ধরা হয় যদি প্রথমটির লব ও দ্বিতীয়টির হরের গুণফল এবং প্রথমটির হর ও দ্বিতীয়টির লবের গুণফল সমান হয়।

এখানে, প্রথম ভগ্নাংশের লব × দ্বিতীয় ভগ্নাংশের হর

= ৭ × ৩৩ = ২৩১

প্রথম ভগ্নাংশের হর × দ্বিতীয় ভগ্নাংশের লব = ১১ × ১৪ = ১৫৪

অর্থাৎ গুণফলদ্বয় সমান নয়।

∴ $\frac{৭}{১১}, \frac{১৪}{৩৩}$ ভগ্নাংশ-যুগল সমতুল নয়।

www.abswer.com

www.abswer.com

(গ) $\frac{৩৮}{৫০}, \frac{১১৪}{১৫০}$

সমাধান : আমরা জানি, দুইটি ভগ্নাংশ সমতুল হবে যদি প্রথমটির লব ও দ্বিতীয়টির হরের গুণফল এবং প্রথমটির হর ও দ্বিতীয়টির লবের গুণফল সমান হয়।

এখানে, প্রথম ভগ্নাংশের লব × দ্বিতীয় ভগ্নাংশের হর

$= ৩৮ \times ১৫০ = ৫৭০০$

প্রথম ভগ্নাংশের হর × দ্বিতীয় ভগ্নাংশের লব

$= ৫০ \times ১১৪ = ৫৭০০$

অর্থাৎ গুণফলদ্বয় সমান।

∴ $\frac{৩৮}{৫০}, \frac{১১৪}{১৫০}$ ভগ্নাংশ-যুগল সমতুল।

২। নিচের ভগ্নাংশগুলোকে সমহরবিশিষ্ট ভগ্নাংশে প্রকাশ কর :

(ক) $\frac{২}{৫}, \frac{৭}{১০}, \frac{৯}{৪০}$

সমাধান : প্রদত্ত ভগ্নাংশগুলোর হর ৫, ১০ ও ৪০ এর ল.সা.গু. নির্ণয় করি,

২|৫, ১০, ৪০
৫|৫, ৫, ২০
১, ১, ৪

∴ ভগ্নাংশগুলোর হর ৫, ১০ ও ৪০ এর ল. সা. গু.

$= ২ \times ৫ \times ৪ = ৪০$

এখন, $৪০ \div ৫ = ৮ ; \frac{২ \times ৮}{৫ \times ৮} = \frac{১৬}{৪০}$

$৪০ \div ১০ = ৪ ; \frac{৭ \times ৪}{১০ \times ৪} = \frac{২৮}{৪০}$

$৪০ \div ৪০ = ১ ; \frac{৯ \times ১}{৪০ \times ১} = \frac{৯}{৪০}$

নির্ণেয় সমহর বিশিষ্ট ভগ্নাংশত্রয় হলো $\frac{১৬}{৪০}, \frac{২৮}{৪০}, \frac{৯}{৪০}$।

(খ) $\frac{১৭}{২৫}, \frac{২৩}{৪০}, \frac{৬৭}{১২০}$

সমাধান : প্রদত্ত ভগ্নাংশগুলোর হর ২৫, ৪০ ও ১২০ এর ল. সা. গু. নির্ণয় করি,

২|২৫, ৪০, ১২০
২|২৫, ২০, ৬০
২|২৫, ১০, ৩০
৫|২৫, ৫, ১৫
৫, ১, ৩

∴ ভগ্নাংশগুলোর হর ২৫, ৪০ ও ১২০ এর ল.সা.গু.

$= ২ \times ২ \times ২ \times ৫ \times ৫ \times ৩ = ৬০০$

এখন, $৬০০ \div ২৫ = ২৪; \frac{১৭ \times ২৪}{২৫ \times ২৪} = \frac{৪০৮}{৬০০}$

$৬০০ \div ৪০ = ১৫; \frac{২৩ \times ১৫}{৪০ \times ১৫} = \frac{৩৪৫}{৬০০}$

$৬০০ \div ১২০ = ৫; \frac{৬৭ \times ৫}{১২০ \times ৫} = \frac{৩৩৫}{৬০০}$

নির্ণেয় সমহর বিশিষ্ট ভগ্নাংশত্রয় $\frac{৪০৮}{৬০০}, \frac{৩৪৫}{৬০০}, \frac{৩৩৫}{৬০০}$।

৩। নিচের ভগ্নাংশগুলোকে মানের উর্ধ্বক্রম অনুসারে সাজাও :

(ক) $\frac{৬}{৭}, \frac{৭}{৯}, \frac{১৬}{২১}, \frac{৫০}{৬৩}$

সমাধান : প্রদত্ত ভগ্নাংশগুলোর হর ৭, ৯, ২১ ও ৬৩ এর ল. সা. গু. নির্ণয় করি,

৩|৭, ৯, ২১, ৬৩
৩|৭, ৩, ৭, ২১
৭|৭, ১, ৭, ৭
১, ১, ১, ১

∴ ভগ্নাংশগুলোর হর ৭, ৯, ২১ ও ৬৩ এর ল. সা. গু.

$= ৩ \times ৩ \times ৭ = ৬৩$

এখন,

প্রথম ভগ্নাংশ $= \frac{৬}{৭} = \frac{৬ \times ৯}{৭ \times ৯} = \frac{৫৪}{৬৩}$ [যেহেতু ৬৩ ÷ ৭ = ৯]

দ্বিতীয় ভগ্নাংশ $= \frac{৭}{৯} = \frac{৭ \times ৭}{৯ \times ৭} = \frac{৪৯}{৬৩}$ [যেহেতু ৬৩ ÷ ৯ = ৭]

তৃতীয় ভগ্নাংশ $= \frac{১৬}{২১} = \frac{১৬ \times ৩}{২১ \times ৩} = \frac{৪৮}{৬৩}$ [যেহেতু ৬৩ ÷ ২১ = ৩]

চতুর্থ ভগ্নাংশ $= \frac{৫০}{৬৩} = \frac{৫০ \times ১}{৬৩ \times ১} = \frac{৫০}{৬৩}$ [যেহেতু ৬৩ ÷ ৬৩ = ১]

সমহরবিশিষ্ট ভগ্নাংশ $\frac{৫৪}{৬৩}, \frac{৪৯}{৬৩}, \frac{৪৮}{৬৩}, \frac{৫০}{৬৩}$ এর লবগুলোর মধ্যে তুলনা করে পাই,

$৪৮ < ৪৯ < ৫০ < ৫৪$

∴ $\frac{৪৮}{৬৩} < \frac{৪৯}{৬৩} < \frac{৫০}{৬৩} < \frac{৫৪}{৬৩}$

অর্থাৎ $\frac{১৬}{২১} < \frac{৭}{৯} < \frac{৫০}{৬৩} < \frac{৬}{৭}$

∴ মানের উর্ধ্বক্রম অনুসারে সাজিয়ে পাই, $\frac{১৬}{২১}, \frac{৭}{৯}, \frac{৫০}{৬৩}, \frac{৬}{৭}$।

(খ) $\frac{৬৫}{৭২}, \frac{৩১}{৩৬}, \frac{৫৩}{৬০}, \frac{১৭}{২৪}$

সমাধান : প্রদত্ত ভগ্নাংশগুলোর হর ৭২, ৩৬, ৬০ ও ২৪ এর ল. সা. গু. নির্ণয় করি,

২|৭২, ৩৬, ৬০, ২৪
২|৩৬, ১৮, ৩০, ১২
২|১৮, ৯, ১৫, ৬
৩|৯, ৯, ১৫, ৩
৩|৩, ৩, ৫, ১
১, ১, ৫, ১

∴ ভগ্নাংশগুলোর হর ৭২, ৩৬, ৬০ ও ২৪ এর ল. সা. গু.

$= ২ \times ২ \times ২ \times ৩ \times ৩ \times ৫ = ৩৬০$

প্রথম ভগ্নাংশ $= \frac{৬৫}{৭২} = \frac{৬৫ \times ৫}{৭২ \times ৫} = \frac{৩২৫}{৩৬০}$ [যেহেতু ৩৬০ ÷ ৭২ = ৫]

দ্বিতীয় ভগ্নাংশ $= \frac{৩১}{৩৬} = \frac{৩১ \times ১০}{৩৬ \times ১০} = \frac{৩১০}{৩৬০}$

[যেহেতু ৩৬০ ÷ ৩৬ = ১০]

তৃতীয় ভগ্নাংশ $= \frac{৫৩}{৬০} = \frac{৫৩ \times ৬}{৬০ \times ৬} = \frac{৩১৮}{৩৬০}$ [যেহেতু ৩৬০ ÷ ৬০ = ৬]

www.abswer.com

www.abswer.com

চতুর্থ ভগ্নাংশ $= \frac{১৭}{২৪} = \frac{১৭ \times ১৫}{২৪ \times ১৫} = \frac{২৫৫}{৩৬০}$

[যেহেতু ৩৬০ ÷ ২৪ = ১৫]

সমহরবিশিষ্ট ভগ্নাংশ $\frac{৩২৫}{৩৬০}, \frac{৩১০}{৩৬০}, \frac{৩১৮}{৩৬০}, \frac{২৫৫}{৩৬০}$ এর লবগুলোর মধ্যে তুলনা করে পাই,

$২৫৫ < ৩১০ < ৩১৮ < ৩২৫$

$\therefore \frac{২৫৫}{৩৬০} < \frac{৩১০}{৩৬০} < \frac{৩১৮}{৩৬০} < \frac{৩২৫}{৩৬০}$

অর্থাৎ $\frac{১৭}{২৪} < \frac{৩১}{৩৬} < \frac{৫৩}{৬০} < \frac{৬৫}{৭২}$

∴ মানের ঊর্ধ্বক্রম অনুসারে সাজিয়ে পাই, $\frac{১৭}{২৪}, \frac{৩১}{৩৬}, \frac{৫৩}{৬০}, \frac{৬৫}{৭২}$।

৪। নিচের ভগ্নাংশগুলোকে মানের অধঃক্রম অনুসারে সাজাও :

(ক) $\frac{৩}{৪}, \frac{৬}{৭}, \frac{৭}{৮}, \frac{৫}{১২}$

সমাধান : প্রদত্ত ভগ্নাংশগুলোর হর ৪, ৭, ৮ ও ১২-এর ল. সা. গু. নির্ণয় করি,

২ | ৪, ৭, ৮, ১২
২ | ২, ৭, ৪, ৬
১, ৭, ২, ৩

∴ ভগ্নাংশগুলোর হর ৪, ৭, ৮ ও ১২-এর ল.সা.গু.
$= ২ \times ২ \times ২ \times ৩ \times ৭ = ১৬৮$

প্রথম ভগ্নাংশ $= \frac{৩}{৪} = \frac{৩ \times ৪২}{৪ \times ৪২} = \frac{১২৬}{১৬৮}$ [যেহেতু ১৬৮ ÷ ৪ = ৪২]

দ্বিতীয় ভগ্নাংশ $= \frac{৬}{৭} = \frac{৬ \times ২৪}{৭ \times ২৪} = \frac{১৪৪}{১৬৮}$ [যেহেতু ১৬৮ ÷ ৭ = ২৪]

তৃতীয় ভগ্নাংশ $= \frac{৭}{৮} = \frac{৭ \times ২১}{৮ \times ২১} = \frac{১৪৭}{১৬৮}$ [যেহেতু ১৬৮ ÷ ৮ = ২১]

চতুর্থ ভগ্নাংশ $= \frac{৫}{১২} = \frac{৫ \times ১৪}{১২ \times ১৪} = \frac{৭০}{১৬৮}$ [যেহেতু ১৬৮ ÷ ১২ = ১৪]

সমহরবিশিষ্ট ভগ্নাংশগুলো $\frac{১২৬}{১৬৮}, \frac{১৪৪}{১৬৮}, \frac{১৪৭}{১৬৮}$ ও $\frac{৭০}{১৬৮}$-এর লবগুলোর মধ্যে তুলনা করে পাই,

$১৪৭ > ১৪৪ > ১২৬ > ৭০$

$\therefore \frac{১৪৭}{১৬৮} > \frac{১৪৪}{১৬৮} > \frac{১২৬}{১৬৮} > \frac{৭০}{১৬৮}$

অর্থাৎ $\frac{৭}{৮} > \frac{৬}{৭} > \frac{৩}{৪} > \frac{৫}{১২}$

∴ মানের অধঃক্রম অনুসারে সাজালে পাই, $\frac{৭}{৮}, \frac{৬}{৭}, \frac{৩}{৪}, \frac{৫}{১২}$।

(খ) $\frac{১৭}{২৫}, \frac{২৩}{৪০}, \frac{৫১}{৬৫}, \frac{৬৭}{১৩০}$

সমাধান : প্রদত্ত ভগ্নাংশগুলোর হর ২৫, ৪০, ৬৫ ও ১৩০-এর ল.সা.গু. নির্ণয় করি,

২ | ২৫, ৪০, ৬৫, ১৩০
৫ | ২৫, ২০, ৬৫, ৬৫
১৩ | ৫, ৪, ১৩, ১৩
৫, ৪, ১, ১

∴ নির্ণেয় ল.সা.গু. $= ২ \times ৫ \times ১৩ \times ৫ \times ৪ = ২৬০০$

প্রথম ভগ্নাংশ $= \frac{১৭}{২৫} = \frac{১৭ \times ১০৪}{২৫ \times ১০৪} = \frac{১৭৬৮}{২৬০০}$

[যেহেতু ২৬০০ ÷ ২৫ = ১০৪]

দ্বিতীয় ভগ্নাংশ $= \frac{২৩}{৪০} = \frac{২৩ \times ৬৫}{৪০ \times ৬৫} = \frac{১৪৯৫}{২৬০০}$

[যেহেতু ২৬০০ ÷ ৪০ = ৬৫]

তৃতীয় ভগ্নাংশ $= \frac{৫১}{৬৫} = \frac{৫১ \times ৪০}{৬৫ \times ৪০} = \frac{২০৪০}{২৬০০}$

[যেহেতু ২৬০০ ÷ ৬৫ = ৪০]

চতুর্থ ভগ্নাংশ $= \frac{৬৭}{১৩০} = \frac{৬৭ \times ২০}{১৩০ \times ২০} = \frac{১৩৪০}{২৬০০}$

[যেহেতু ২৬০০ ÷ ১৩০ = ২০]

সমহরবিশিষ্ট ভগ্নাংশগুলোর লবগুলোর তুলনা করে পাই,

$২০৪০ > ১৭৬৮ > ১৪৯৫ > ১৩৪০$

$\therefore \frac{২০৪০}{২৬০০} > \frac{১৭৬৮}{২৬০০} > \frac{১৪৯৫}{২৬০০} > \frac{১৩৪০}{২৬০০}$

অর্থাৎ $\frac{৫১}{৬৫} > \frac{১৭}{২৫} > \frac{২৩}{৪০} > \frac{৬৭}{১৩০}$

∴ মানের অধঃক্রম অনুসারে সাজালে পাওয়া যায়,

$\frac{৫১}{৬৫}, \frac{১৭}{২৫}, \frac{২৩}{৪০}, \frac{৬৭}{১৩০}$।

৫। যোগ কর :

(ক) $\frac{৫}{৮} + \frac{৩}{১৬}$

সমাধান : ভগ্নাংশগুলোর হর ৮, ১৬ এর ল. সা. গু. ১৬

এখন, $\frac{৫}{৮} = \frac{৫ \times ২}{৮ \times ২} = \frac{১০}{১৬}$ [যেহেতু ১৬ ÷ ৮ = ২]

$\frac{৩}{১৬} = \frac{৩ \times ১}{১৬ \times ১} = \frac{৩}{১৬}$ [যেহেতু ১৬ ÷ ১৬ = ১]

$\therefore \frac{৫}{৮} + \frac{৩}{১৬} = \frac{১০}{১৬} + \frac{৩}{১৬} = \frac{১০ + ৩}{১৬} = \frac{১৩}{১৬}$

নির্ণেয় যোগফল $\frac{১৩}{১৬}$।

(খ) $৬ + ১\frac{৬}{৭}$

সমাধান : $৬ + ১\frac{৬}{৭} = (৬ + ১) + \frac{৬}{৭} = ৭ + \frac{৬}{৭} = ৭\frac{৬}{৭}$

নির্ণেয় যোগফল $৭\frac{৬}{৭}$।

(গ) $৮\frac{৫}{১৩} + ১২\frac{৭}{২৬}$

সমাধান : $৮\frac{৫}{১৩} + ১২\frac{৭}{২৬} = (৮ + ১২) + \left(\frac{৫}{১৩} + \frac{৭}{২৬}\right)$

$= ২০ + \frac{৫ \times ২ + ৭ \times ১}{২৬} = ২০ + \frac{১০ + ৭}{২৬} = ২০ + \frac{১৭}{২৬} = ২০\frac{১৭}{২৬}$

নির্ণেয় যোগফল $২০\frac{১৭}{২৬}$।

www.abswer.com

www.abswer.com

(ঘ) ৭০ মিটার $৯\frac{৭}{১০}$ সেন্টিমিটার + ৮০ মিটার $১৭\frac{৩}{৫০}$ সেন্টিমিটার + ৪০ মিটার $২৭\frac{৯}{২৫}$ সেন্টিমিটার

সমাধান : ৭০ মিটার $৯\frac{৭}{১০}$ সেন্টিমিটার + ৮০ মিটার $১৭\frac{৩}{৫০}$ সেন্টিমিটার + ৪০ মিটার $২৭\frac{৯}{২৫}$ সেন্টিমিটার

$= (৭০ + ৮০ + ৪০)$ মি. $+ (৯ + ১৭ + ২৭)$ সে. মি. $+ \left(\frac{৭}{১০} + \frac{৩}{৫০} + \frac{৯}{২৫}\right)$ সে. মি.

$= ১৯০$ মি. $+ ৫৩$ সে. মি. $+ \frac{৫ \times ৭ + ৩ \times ১ + ৯ \times ২}{৫০}$ সে.মি.

$= ১৯০$ মি. $+ ৫৩$ সে. মি. $+ \frac{৩৫ + ৩ + ১৮}{৫০}$ সে. মি.

$= ১৯০$ মি. $+ ৫৩$ সে. মি. $+ \frac{৫৬}{৫০}$ সে. মি.

$= ১৯০$ মি. $+ ৫৩$ সে. মি. $+ \frac{২৮}{২৫}$ সে. মি.

$= ১৯০$ মি. $+ ৫৩$ সে. মি. $+ ১\frac{৩}{২৫}$ সে. মি.

$= ১৯০$ মি. $+ ৫৩$ সে. মি. $+ ১$ সে. মি. $+ \frac{৩}{২৫}$ সে. মি.

$= ১৯০$ মি. $+ ৫৪$ সে. মি. $+ \frac{৩}{২৫}$ সে. মি.

$= ১৯০$ মি. $৫৪\frac{৩}{২৫}$ সে. মি.

নির্ণেয় যোগফল ১৯০ মি. $৫৪\frac{৩}{২৫}$ সে. মি.।

৬। বিয়োগ কর :

(ক) $\frac{৩}{৮} - \frac{১}{৭}$

সমাধান : ভগ্নাংশদ্বয়ের হরগুলোর ল.সা.গু. $= ৮ \times ৭ = ৫৬$

এখন, $\frac{৩}{৮} = \frac{৩ \times ৭}{৮ \times ৭} = \frac{২১}{৫৬}$ [যেহেতু $৫৬ \div ৮ = ৭$]

$\frac{১}{৭} = \frac{১ \times ৮}{৭ \times ৮} = \frac{৮}{৫৬}$ [যেহেতু $৫৬ \div ৭ = ৮$]

$\therefore \frac{৩}{৮} - \frac{১}{৭} = \frac{২১}{৫৬} - \frac{৮}{৫৬} = \frac{২১ - ৮}{৫৬} = \frac{১৩}{৫৬}$

নির্ণেয় বিয়োগফল $\frac{১৩}{৫৬}$।

(খ) $৮\frac{৪}{১৫} - ৭\frac{১৩}{৪৫}$

সমাধান : $৮\frac{৪}{১৫} - ৭\frac{১৩}{৪৫}$

$= (৮ - ৭) + \left(\frac{৪}{১৫} - \frac{১৩}{৪৫}\right)$

$= ১ + \frac{৪ \times ৩ - ১৩}{৪৫}$

$= ১ + \frac{১২ - ১৩}{৪৫}$

$= ১ + \left(\frac{-১}{৪৫}\right) = ১ - \frac{১}{৪৫} = \frac{৪৫ - ১}{৪৫} = \frac{৪৪}{৪৫}$

নির্ণেয় বিয়োগফল $\frac{৪৪}{৪৫}$।

(গ) $২০ - ৯\frac{২০}{২১}$

সমাধান : $২০ - ৯\frac{২০}{২১}$

$= (২০ - ৯) - \frac{২০}{২১}$

$= ১১ - \frac{২০}{২১}$

$= \frac{১১ \times ২১ - ২০}{২১} = \frac{২৩১ - ২০}{২১} = \frac{২১১}{২১} = ১০\frac{১}{২১}$

নির্ণেয় বিয়োগফল $১০\frac{১}{২১}$।

(ঘ) ২৫ কেজি $১০\frac{১}{৫}$ গ্রাম – ১৭ কেজি $৭\frac{৭}{২৫}$ গ্রাম

সমাধান : ২৫ কেজি $১০\frac{১}{৫}$ গ্রাম – ১৭ কেজি $৭\frac{৭}{২৫}$ গ্রাম

$= (২৫ - ১৭)$ কেজি $+ \left(১০\frac{১}{৫} - ৭\frac{৭}{২৫}\right)$ গ্রাম

$= ৮$ কেজি $+ (১০ - ৭)$ গ্রাম $+ \left(\frac{১}{৫} - \frac{৭}{২৫}\right)$ গ্রাম

$= ৮$ কেজি $+ ৩$ গ্রাম $+ \left(\frac{৫ \times ১ - ১ \times ৭}{২৫}\right)$ গ্রাম

$= ৮$ কেজি $+ ৩$ গ্রাম $+ \frac{৫ - ৭}{২৫}$ গ্রাম

$= ৮$ কেজি $+ ৩$ গ্রাম $- \frac{২}{২৫}$ গ্রাম

$= ৮$ কেজি $+ \left(৩ - \frac{২}{২৫}\right)$ গ্রাম

$= ৮$ কেজি $+ \left(\frac{২৫ \times ৩ - ২ \times ১}{২৫}\right)$ গ্রাম

$= ৮$ কেজি $+ \left(\frac{৭৫ - ২}{২৫}\right)$ গ্রাম

$= ৮$ কেজি $+ \frac{৭৩}{২৫}$ গ্রাম

$= ৮$ কেজি $+ ২\frac{২৩}{২৫}$ গ্রাম

$= ৮$ কেজি $২\frac{২৩}{২৫}$ গ্রাম

নির্ণেয় বিয়োগফল ৮ কেজি $২\frac{২৩}{২৫}$ গ্রাম।

www.abswer.com

www.abswer.com

৭। সরল কর :

(ক) $৭-\frac{৩}{৮}+৮-\frac{৪}{৭}$

সমাধান : $৭-\frac{৩}{৮}+৮-\frac{৪}{৭}$

$=\frac{৭\times৫৬-৩\times৭+৮\times৫৬-৪\times৮}{৫৬}$

$=\frac{৩৯২-২১+৪৪৮-৩২}{৫৬}$

$=\frac{(৩৯২+৪৪৮)-(২১+৩২)}{৫৬}$

$=\frac{৮৪০-৫৩}{৫৬}=\frac{৭৮৭}{৫৬}=১৪\frac{৩}{৫৬}$

নির্ণেয় মান : $১৪\frac{৩}{৫৬}$।

(খ) $৯-৩\frac{১৫}{১৬}-২\frac{৭}{৮}+\frac{৯}{৩২}$

সমাধান : $৯-৩\frac{১৫}{১৬}-২\frac{৭}{৮}+\frac{৯}{৩২}$

$=৯-\frac{৬৩}{১৬}-\frac{২৩}{৮}+\frac{৯}{৩২}$

$=\frac{৯\times৩২-৬৩\times২-২৩\times৪+৯\times১}{৩২}$

$=\frac{২৮৮-১২৬-৯২+৯}{৩২}$

$=\frac{(২৮৮+৯)-(১২৬+৯২)}{৩২}$

$=\frac{২৯৭-২১৮}{৩২}=\frac{৭৯}{৩২}=২\frac{১৫}{৩২}$

নির্ণেয় মান : $২\frac{১৫}{৩২}$।

(গ) $২\frac{১}{২}-৪\frac{৩}{৫}-১১+১৭\frac{৭}{১৫}$

সমাধান : $২\frac{১}{২}-৪\frac{৩}{৫}-১১+১৭\frac{৭}{১৫}$

$=\frac{৫}{২}-\frac{২৩}{৫}-১১+\frac{২৬২}{১৫}$

$=\frac{৫\times১৫-২৩\times৬-১১\times৩০+২৬২\times২}{৩০}$

$=\frac{৭৫-১৩৮-৩৩০+৫২৪}{৩০}$

$=\frac{(৭৫+৫২৪)+(১৩৮+৩৩০)}{৩০}$

$=\frac{৫৯৯-৫৬৮}{৩০}=\frac{১৩১}{৩০}=৪\frac{১১}{৩০}$

নির্ণেয় মান : $৪\frac{১১}{৩০}$।

৮। আজমাইন সাহেব তাঁর জমি থেকে বছরে $২০\frac{১}{১০}$ কুইন্টাল আমন, $৩০\frac{১}{২০}$ কুইন্টাল ইরি এবং $১০\frac{১}{৫০}$ কুইন্টাল আউশ ধান পেলেন। তিনি তাঁর জমি থেকে এক বছরে কত কুইন্টাল ধান পেয়েছেন?

সমাধান : আজমাইন সাহেব তার জমি থেকে এক বছরে পেয়েছেন

আমন ধান $২০\frac{১}{১০}$ কুইন্টাল, ইরি ধান $৩০\frac{১}{২০}$ কুইন্টাল

এবং আউশ ধান $১০\frac{১}{৫০}$ কুইন্টাল

∴ মোট ধানের পরিমাণ $=\left(২০\frac{১}{১০}+৩০\frac{১}{২০}+১০\frac{১}{৫০}\right)$ কুইন্টাল

$=(২০+৩০+১০)+\left(\frac{১}{১০}+\frac{১}{২০}+\frac{১}{৫০}\right)$ কুইন্টাল

$=৬০+\left(\frac{১০+৫+২}{১০০}\right)$ কুইন্টাল

$=৬০+\frac{১৭}{১০০}$ কুইন্টাল $=৬০\frac{১৭}{১০০}$ কুইন্টাল

∴ আজমাইন সাহেব এক বছরে মোট ধান পেয়েছে ৬০ $\frac{১৭}{১০০}$ কুইন্টাল।

৯। ২৫ মিটার লম্বা একটি বাঁশের $৫\frac{৪}{২৫}$ মিটার কালো, $৭\frac{১}{৪}$ মিটার লাল এবং $৪\frac{৩}{১০}$ মিটার হলুদ রং করা হলো। বাঁশটির কত অংশ রং করা বাকি রইল?

সমাধান : বাঁশটির মোট রং করা অংশ

$=\left(৫\frac{৪}{২৫}+৭\frac{১}{৪}+৪\frac{৩}{১০}\right)$ মিটার

$=(৫+৭+৪)$ মিটার $+\left(\frac{৪}{২৫}+\frac{১}{৪}+\frac{৩}{১০}\right)$ মিটার

$=১৬$ মিটার $+\left(\frac{১৬+২৫+৩০}{১০০}\right)$ মিটার

$=১৬$ মিটার $+\frac{৭১}{১০০}$ মিটার

$=১৬\frac{৭১}{১০০}$ মিটার

বাঁশটির রং করা বাকি রইল $=\left(২৫-১৬\frac{৭১}{১০০}\right)$ মিটার

$=(২৫-১৬)$ মিটার $-\frac{৭১}{১০০}$ মিটার

$=৯$ মিটার $-\frac{৭১}{১০০}$ মিটার

$=\left(\frac{৯০০-৭১}{১০০}\right)$ মিটার

$=\frac{৮২৯}{১০০}$ মিটার $=৮\frac{২৯}{১০০}$ মিটার

∴ বাঁশটির $৮\frac{২৯}{১০০}$ মিটার রং করা বাকি রইল।

www.abswer.com

www.abswer.com

১০। আমিনা তার মা ও ভাইয়ের কাছ থেকে যথাক্রমে $১০৫\frac{৭}{১০}$ গ্রাম ও $৯৮\frac{৩}{৫}$ গ্রাম স্বর্ণ পেল। তার বাবার নিকট থেকে কত পেলে একত্রে ৪০০ গ্রাম স্বর্ণ হবে ?

সমাধান : আমিনা তার মা ও ভাইয়ের কাছ থেকে স্বর্ণ পেল

$= ১০৫\frac{৭}{১০}$ গ্রাম $+ ৯৮\frac{৩}{৫}$ গ্রাম

$= (১০৫ + ৯৮)$ গ্রাম $+ \left(\frac{৭}{১০} + \frac{৩}{৫}\right)$ গ্রাম

$= ২০৩$ গ্রাম $+ \left(\frac{৭ + ৬}{১০}\right)$ গ্রাম

$= ২০৩$ গ্রাম $+ \frac{১৩}{১০}$ গ্রাম $= ২০৩$ গ্রাম $+ ১\frac{৩}{১০}$ গ্রাম

$= (২০৩ + ১)$ গ্রাম $+ \frac{৩}{১০}$ গ্রাম

$= ২০৪$ গ্রাম $+ \frac{৩}{১০}$ গ্রাম $= ২০৪\frac{৩}{১০}$ গ্রাম

৪০০ গ্রাম পূর্ণ করতে আমিনাকে তার বাবার নিকট থেকে পেতে হবে $= ৪০০$ গ্রাম $- ২০৪\frac{৩}{১০}$ গ্রাম

$= (৪০০ - ২০৪)$ গ্রাম $- \frac{৩}{১০}$ গ্রাম

$= ১৯৬$ গ্রাম $- \frac{৩}{১০}$ গ্রাম $= \left(১৯৬ - \frac{৩}{১০}\right)$ গ্রাম

$= \left(\frac{১৯৬০ - ৩}{১০}\right)$ গ্রাম $= \frac{১৯৫৭}{১০}$ গ্রাম $= ১৯৫\frac{৭}{১০}$ গ্রাম

∴ স্বর্ণের পরিমাণ $১৯৫\frac{৭}{১০}$ গ্রাম।

সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১১ জাবিদ অতিক্রান্ত মোট পথের $\frac{৩}{১০}$ অংশ রিক্সায়, $\frac{২}{৫}$ অংশ সাইকেলে, $\frac{১}{৫}$ অংশ হেঁটে এবং অবশিষ্ট ২ কিলোমিটার পথ ঘোড়ার গাড়িতে গেল। রিক্সায় এবং সাইকেলে প্রতি কিলোমিটার পথ যেতে গড়ে ৫ মিনিট সময় লাগে।

ক. $\frac{৩}{১০}, \frac{২}{৫}$ ও $\frac{১}{৫}$ কে মানের ঊর্ধ্বক্রমে সাজাও।

খ. অতিক্রান্ত মোট পথের দূরত্ব নির্ণয় কর।

গ. জাবিদ রিক্সায় এবং সাইকেলে মোট কত সময় ব্যয় করে?

১১নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত ভগ্নাংশগুলোর হর ১০, ৫ ও ৫ এর ল.সা.গু. ১০

প্রথম ভগ্নাংশ $= \frac{৩}{১০} = \frac{৩ \times ১}{১০ \times ১} = \frac{৩}{১০}$ [যেহেতু $১০ \div ১০ = ১$]

দ্বিতীয় ভগ্নাংশ $= \frac{২}{৫} = \frac{২ \times ২}{৫ \times ২} = \frac{৪}{১০}$ [যেহেতু $১০ \div ৫ = ২$]

তৃতীয় ভগ্নাংশ $= \frac{১}{৫} = \frac{১ \times ২}{৫ \times ২} = \frac{২}{১০}$ [যেহেতু $১০ \div ৫ = ২$]

তুলনা করে পাই,

$২ < ৩ < ৪$

∴ $\frac{২}{১০} < \frac{৩}{১০} < \frac{৪}{১০}$ অর্থাৎ, $\frac{১}{৫} < \frac{৩}{১০} < \frac{২}{৫}$

∴ মানের ঊর্ধ্বক্রম অনুসারে সাজিয়ে পাই, $\frac{১}{৫}, \frac{৩}{১০}, \frac{২}{৫}$।

খ জাবিদ অতিক্রান্ত মোট পথের রিক্সায়, সাইকেলে ও হেঁটে গেল

$\frac{৩}{১০}$ অংশ $+ \frac{২}{৫}$ অংশ $+ \frac{১}{৫}$ অংশ

$= \left(\frac{৩}{১০} + \frac{২}{৫} + \frac{১}{৫}\right)$ অংশ

$= \frac{৩ + ৪ + ২}{১০}$ অংশ $= \frac{৯}{১০}$ অংশ

পথের অবশিষ্ট রইল $\left(১ - \frac{৯}{১০}\right)$ অংশ

$= \frac{১০ - ৯}{১০}$ অংশ বা $\frac{১}{১০}$ অংশ

সে অবশিষ্ট ২ কিলোমিটার পথ ঘোড়ার গাড়িতে গেল।

প্রশ্নমতে, $\frac{১}{১০}$ অংশ $= ২$ কিলোমিটার

বা, ১ অংশ $= ২ \times ১০$ বা ২০ কিলোমিটার

নির্ণেয় দূরত্ব ২০ কিলোমিটার।

গ 'গ' অংশ হতে প্রাপ্ত, মোট পথের দূরত্ব ২০ কিলোমিটার

∴ জাবিদ রিক্সায় যায় = ২০ কিলোমিটার এর $\frac{৩}{১০}$ অংশ

$= \left(২০ \times \frac{৩}{১০}\right)$ কিলোমিটার

$= ৬$ কিলোমিটার

জাবিদ সাইকেলে যায় = ২০ কিলোমিটার এর $\frac{২}{৫}$ অংশ

$= \left(২০ \times \frac{২}{৫}\right)$ কিলোমিটার

$= ৮$ কিলোমিটার

∴ জাবিদ রিক্সায় এবং সাইকেলে মোট গেল $(৬ + ৮)$ কিলোমিটার

$= ১৪$ কিলোমিটার

আবার, প্রতি কিলোমিটার পথ যেতে গড়ে ৫ মিনিট সময় লাগে।

অর্থাৎ, ১ কিলোমিটার পথ যেতে সময় লাগে ৫ মিনিট

∴ ১৪ কিলোমিটার পথ যেতে সময় লাগে (১৪×৫) মি.

$= ৭০$ মিনিট

$= \frac{৭০}{৬০}$ ঘণ্টা $= ১\frac{১}{৬}$ ঘণ্টা

$= ১$ ঘণ্টা $+ \frac{১}{৬}$ ঘণ্টা

$= ১$ ঘণ্টা $+ \frac{১}{৬} \times ৬০$ মিনিট

$= ১$ ঘণ্টা ১০ মিনিট

সুতরাং জাবিদ রিক্সায় এবং সাইকেলে মোট ১ ঘণ্টা ১০ মিনিট সময় ব্যয় করে।

www.abswer.com

www.abswer.com

সৃজনশীল অংশ কমন উপযোগী সৃজনশীল প্রশ্নের সমাধান করি

মাস্টার ট্রেইনার প্যানেল প্রণীত সৃজনশীল প্রশ্ন ও সমাধান

শিখনফল : ভগ্নাংশের যোগ ও বিয়োগ করতে পারব।

প্রশ্ন ১ জাবিদ অতিক্রান্ত মোট পথের $\frac{৩}{১০}$ অংশ রিক্সায়, $\frac{২}{৫}$ অংশ সাইকেলে, $\frac{১}{৫}$ অংশ হেঁটে এবং অবশিষ্ট ২ কিলোমিটার পথ ঘোড়ার গাড়িতে গেল। রিক্সায় এবং সাইকেলে প্রতি কিলোমিটার পথ যেতে গড়ে ৫ মিনিট সময় লাগে।

ক. $\frac{৩}{১০}, \frac{২}{৫}$ ও $\frac{১}{৫}$ কে মানের উর্ধ্বক্রমে সাজাও। (সহজমান) ২

খ. অতিক্রান্ত মোট পথের দূরত্ব নির্ণয় কর। (মধ্যমান) ৪

গ. জাবিদ রিক্সায় এবং সাইকেলে মোট কত সময় ব্যয় করে? (কঠিনমান) ৪

১নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত ভগ্নাংশগুলোর হর ১০, ৫ ও ৫ এর ল.সা.গু. ১০

প্রথম ভগ্নাংশ $= \frac{৩}{১০} = \frac{৩ \times ১}{১০ \times ১} = \frac{৩}{১০}$ [যেহেতু ১০ ÷ ১০ = ১]

দ্বিতীয় ভগ্নাংশ $= \frac{২}{৫} = \frac{২ \times ২}{৫ \times ২} = \frac{৪}{১০}$ [যেহেতু ১০ ÷ ৫ = ২]

তৃতীয় ভগ্নাংশ $= \frac{১}{৫} = \frac{১ \times ২}{৫ \times ২} = \frac{২}{১০}$ [যেহেতু ১০ ÷ ৫ = ২]

তুলনা করে পাই, ২ < ৩ < ৪

$\therefore \frac{২}{১০} < \frac{৩}{১০} < \frac{৪}{১০}$

অর্থাৎ, $\frac{১}{৫} < \frac{৩}{১০} < \frac{২}{৫}$

$\therefore$ মানের উর্ধ্বক্রম অনুসারে সাজিয়ে পাই,

$\frac{১}{৫}, \frac{৩}{১০}, \frac{২}{৫}$।

খ জাবিদ অতিক্রান্ত মোট পথের রিক্সায়, সাইকেলে ও হেঁটে গেল

$\frac{৩}{১০}$ অংশ $+ \frac{২}{৫}$ অংশ $+ \frac{১}{৫}$ অংশ

$= \left(\frac{৩}{১০} + \frac{২}{৫} + \frac{১}{৫}\right)$ অংশ

$= \frac{৩ + ৪ + ২}{১০}$ অংশ $= \frac{৯}{১০}$ অংশ

পথের অবশিষ্ট রইল $\left(১ - \frac{৯}{১০}\right)$ অংশ

$= \frac{১০ - ৯}{১০}$ অংশ বা $\frac{১}{১০}$ অংশ

সে অবশিষ্ট ২ কিলোমিটার পথ ঘোড়ার গাড়িতে গেল।

প্রশ্নমতে, $\frac{১}{১০}$ অংশ = ২ কিলোমিটার

বা, ১ অংশ = ২ × ১০ বা ২০ কিলোমিটার

নির্ণেয় দূরত্ব ২০ কিলোমিটার।

গ 'গ' অংশ হতে প্রাপ্ত, মোট পথের দূরত্ব ২০ কিলোমিটার

$\therefore$ জাবিদ রিক্সায় যায় = ২০ কিলোমিটার এর $\frac{৩}{১০}$ অংশ

$= \left(২০ \times \frac{৩}{১০}\right)$ কিলোমিটার

= ৬ কিলোমিটার

জাবিদ সাইকেলে যায় = ২০ কিলোমিটার এর $\frac{২}{৫}$ অংশ

$= \left(২০ \times \frac{২}{৫}\right)$ কিলোমিটার

= ৮ কিলোমিটার

$\therefore$ জাবিদ রিক্সায় এবং সাইকেলে মোট গেল

= (৬ + ৮) কিলোমিটার = ১৪ কিলোমিটার

আবার, প্রতি কিলোমিটার পথ যেতে গড়ে ৫ মিনিট সময় লাগে।

অর্থাৎ, ১ কিলোমিটার পথ যেথে সময় লাগে ৫ মিনিট

$\therefore$ ১৪ কিলোমিটার পথ যেতে সময় লাগে (১৪ × ৫) মিনিট

= ৭০ মিনিট

$= \frac{৭০}{৬০}$ ঘণ্টা

$= ১\frac{১}{৬}$ ঘণ্টা

= ১ ঘণ্টা $+ \frac{১}{৬}$ ঘণ্টা

= ১ ঘণ্টা $+ \frac{১}{৬} \times ৬০$ মিনিট = ১ ঘণ্টা ১০ মিনিট

সুতরাং জাবিদ রিক্সায় এবং সাইকেলে মোট ১ ঘণ্টা ১০ মিনিট সময় ব্যয় করে।

প্রশ্ন ২ লিসা তার মামার বাড়ি যাওয়ার সময় $২\frac{১}{৪}$ কি.মি. পথ হেঁটে, $৩\frac{৫}{৮}$ কি.মি. পথ রিকশায় এবং $৮\frac{৩}{২০}$ কি.মি. পথ বাসে গেল।

ক. উদ্দীপকে উল্লেখিত ভগ্নাংশ গুলোকে অপ্রকৃত ভগ্নাংশে প্রকাশ কর। (সহজমান) ২

খ. 'ক' তে প্রাপ্ত ভগ্নাংশগুলোকে সমহর বিশিষ্ট ভগ্নাংশে রূপান্তরিত কর। (মধ্যমান) ৪

গ. লিসার মোট অতিক্রান্ত দূরত্ব নির্ণয় কর। (কঠিনমান) ৪

২নং প্রশ্নের সমাধান

ক উদ্দীপকে উল্লেখিত ভগ্নাংশগুলো হচ্ছে $২\frac{১}{৪}$, $৩\frac{৫}{৮}$ এবং $৮\frac{৩}{২০}$

ভগ্নাংশগুলোকে অপ্রকৃত ভগ্নাংশে প্রকাশ করি।

$২\frac{১}{৪} = \frac{২ \times ৪ + ১}{৪} = \frac{৮ + ১}{৪} = \frac{৯}{৪}$

$৩\frac{৫}{৮} = \frac{৩ \times ৮ + ৫}{৮} = \frac{২৪ + ৫}{৮} = \frac{২৯}{৮}$

এবং $৮\frac{৩}{২০} = \frac{৮ \times ২০ + ৩}{২০} = \frac{১৬০ + ৩}{২০} = \frac{১৬৩}{২০}$।

www.abswer.com

www.abswer.com

গ 'ক' হতে প্রাপ্ত ভগ্নাংশগুলো হচ্ছে $\frac{৯}{৪}$, $\frac{২৯}{৮}$ এবং $\frac{১৬৩}{২০}$

ভগ্নাংশগুলোর হর : ৪, ৮ এবং ২০ এর ল.সা.গু. নির্ণয় করি।

২ | ৪, ৮, ২০
২ | ২, ৪, ১০
১, ২, ৫

∴ ভগ্নাংশগুলোর হর ৪, ৮ এবং ২০ এর ল. সা. গু.
$২ \times ২ \times ২ \times ৫ = ৪০$

এখন, $৪০ \div ৪ = ১০$; $\frac{৯}{৪} = \frac{৯ \times ১০}{৪ \times ১০} = \frac{৯০}{৪০}$

$৪০ \div ৮ = ৫$; $\frac{২৯}{৮} = \frac{২৯ \times ৫}{৮ \times ৫} = \frac{১৪৫}{৪০}$

$৪০ \div ২০ = ২$; $\frac{১৬৩}{২০} = \frac{১৬৩ \times ২}{২০ \times ২} = \frac{৩২৬}{৪০}$

∴ সমহরবিশিষ্ট ভগ্নাংশ $\frac{৯০}{৪০}$, $\frac{১৪৫}{৪০}$ এবং $\frac{৩২৬}{৪০}$।

ঘ লিসা হেঁটে যায় $২\frac{১}{৪}$ কি.মি., রিকসায় যায় $৩\frac{৫}{৮}$ কি.মি.

এবং বাসে যায় $৮\frac{৩}{২০}$ কি.মি.

∴ লিসার মোট অতিক্রান্ত দূরত্ব $= \left(২\frac{১}{৪} + ৩\frac{৫}{৮} + ৮\frac{৩}{২০}\right)$ কি.মি.

$= \left(\frac{৯}{৪} + \frac{২৯}{৮} + \frac{১৬৩}{২০}\right)$ কি.মি.

$= \left(\frac{৯০}{৪০} + \frac{১৪৫}{৪০} + \frac{৩২৬}{৪০}\right)$ কি.মি.

$= \frac{৯০ + ১৪৫ + ৩২৬}{৪০}$ কি.মি.

$= \frac{৫৬১}{৪০}$ কি.মি.

$= ১৪\frac{১}{৪০}$ কি.মি.

∴ লিসার মোট অতিক্রান্ত দূরত্ব $১৪\frac{১}{৪০}$ কি.মি.।

শিখনফল : ভগ্নাংশের তুলনা করতে পারব।

৩নং প্রশ্ন একজন কৃষক তার ২৫০ শতাংশ জমির $\frac{৩}{৮}$ অংশ জমিতে ধান এবং $\frac{৫}{১২}$ অংশ জমিতে সবজি চাষ করলেন এবং বাকি জমি পতিত রাখলেন।

ক. পতিত জমির পরিমাণ কত? (সহজমান) ২

খ. সবজির বিক্রয়মূল্যের চেয়ে ধানের বিক্রয়মূল্য ২৪০০ টাকা কম হলে, মোট কত টাকার সবজি বিক্রি করেছিলেন? (মধ্যমান) ৪

গ. সম্পূর্ণ জমিতে ধান চাষ করলে তিনি কত টাকার ধান বিক্রি করতে পারতেন। (কঠিনমান) ৪

৩নং প্রশ্নের সমাধান

ক মনে করি, সম্পূর্ণ জমি ১ অংশ।

ধান ও সবজি চাষ করলেন $\left(\frac{৩}{৮} + \frac{৫}{১২}\right)$ অংশ

$= \frac{৯ + ১০}{২৪} = \frac{১৯}{২৪}$ অংশ

∴ জমি পতিত রাখলেন $= \left(১ - \frac{১৯}{২৪}\right)$ অংশ

$= \left(\frac{২৪ - ১৯}{২৪}\right) = \frac{৫}{২৪}$ অংশ

∴ পতিত জমির পরিমাণ $= \left(\begin{matrix}১২৫ \\ ২৫০\end{matrix} \text{ এর } \frac{৫}{\cancel{২৪}\ ১২}\right)$ শতাংশ

$= \frac{৬২৫}{১২}$ শতাংশ $= ৫২\frac{১}{১২}$ শতাংশ

∴ পতিত জমির পরিমাণ $৫২\frac{১}{১২}$ শতাংশ।

খ যেহেতু $\frac{৩}{৮} < \frac{৫}{১২}$

সুতরাং তিনি ধানের চেয়ে সবজি চাষ বেশি করলেন।

∴ ধানের চেয়ে সবজি বেশি চাষ করলেন

$= \left(\frac{৫}{১২} - \frac{৩}{৮}\right)$ অংশ জমিতে

$= \frac{১০ - ৯}{২৪}$ অংশ জমিতে

$= \frac{১}{২৪}$ অংশ জমিতে

শর্তানুযায়ী সবজির বিক্রয় মূল্য ধানের চেয়ে ২৪০০ টাকা বেশি।

অর্থাৎ $\frac{১}{২৪}$ অংশ জমিতে উৎপাদিত সবজির মূল্য ২৪০০ টাকা

∴ ১ " " " " " $\frac{২৪০০ \times ২৪}{১}$ "

∴ $\frac{৫}{১২}$ " " " " " $\frac{২৪০০ \times \cancel{২৪}^{২} \times ৫}{\cancel{১২}_{১}}$ "

= ২৪০০০ টাকা

∴ মোট ২৪০০০ টাকার সবজি বিক্রি করেছিলেন।

গ যেহেতু $\frac{১}{২৪}$ অংশ জমিতে ধান চাষ কম করায় ধানের মূল্য ২৪০০ টাকা কম হয়।

সুতরাং $\frac{১}{২৪}$ অংশ জমির ধানের মূল্য ২৪০০ টাকা

∴ ১ " " " " $\frac{২৪০০ \times ২৪}{১}$ "

= ৫৭৬০০ টাকা

∴ সম্পূর্ণ জমির ধান ৫৭,৬০০ টাকায় বিক্রয় করতে পারতেন।

www.abswer.com

www.abswer.com

প্রশ্ন ৪ ২৫ মিটার লম্বা একটি বাঁশের $৫\frac{৪}{২৫}$ মিটার কালো, $৭\frac{১}{৪}$ মিটার লাল এবং $৪\frac{৩}{১০}$ মিটার হলুদ রং করা হলো।

ক. সমতুল ভগ্নাংশ বলতে কী বোঝ? (সহজমান) ২

খ. $৫\frac{৪}{২৫}$, $৭\frac{১}{৪}$ এবং $৪\frac{৩}{১০}$ ভগ্নাংশগুলোকে মানের অধঃক্রম অনুসারে সাজাও। (মধ্যমান) ৪

গ. বাঁশের কত অংশ রং করা বাকি? (কঠিনমান) ৪

৪নং প্রশ্নের সমাধান

ক কোনো ভগ্নাংশের লব ও হরকে শূন্য ছাড়া একই সংখ্যা দ্বারা গুণ বা ভাগ করে যে ভগ্নাংশ পাওয়া যায়, সে ভগ্নাংশ হচ্ছে প্রদত্ত ভগ্নাংশের সমতুল ভগ্নাংশ।

$$\frac{৩}{৫}=\frac{৩\times২}{৫\times২}=\frac{৬}{১০}$$

$\therefore$ $\frac{৩}{৫}$ এর একটি সমতুল ভগ্নাংশ $\frac{৬}{১০}$।

খ এখানে, $৫\frac{৪}{২৫}=\frac{৫\times২৫+৪}{২৫}=\frac{১২৫+৪}{২৫}=\frac{১২৯}{২৫}$

$$৭\frac{১}{৪}=\frac{৭\times৪+১}{৪}=\frac{২৮+১}{৪}=\frac{২৯}{৪}$$

$$৪\frac{৩}{১০}=\frac{৪\times১০+৩}{১০}=\frac{৪০+৩}{১০}=\frac{৪৩}{১০}$$

ভগ্নাংশগুলোর হর ২৫, ৪ ও ১০ এর ল.সা.গু. = ১০০

প্রথম ভগ্নাংশ $=৫\frac{৫}{২৫}=\frac{১২৯}{২৫}=\frac{১২৯\times৪}{২৫\times৪}=\frac{৫১৬}{১০০}$ [$\because$ ১০০ ÷ ২৫ = ৪]

দ্বিতীয় ভগ্নাংশ $=৭\frac{১}{৪}=\frac{২৯}{৪}=\frac{২৯\times২৫}{৪\times২৫}=\frac{৭২৫}{১০০}$ [$\because$ ১০০ ÷ ৪ = ২৫]

তৃতীয় ভগ্নাংশ $=৪\frac{৩}{১০}=\frac{৪৩}{১০}=\frac{৪৩\times১০}{১০\times১০}=\frac{৪৩০}{১০০}$ [$\because$ ১০০ ÷ ১০ = ১০]

সমহরবিশিষ্ট ভগ্নাংশ $\frac{৫১৬}{১০০}$, $\frac{৭২৫}{১০০}$ ও $\frac{৪৩০}{১০০}$ এর লবগুলোর মধ্যে তুলনা করে পাই,

৭২৫ > ৫১৬ > ৪৩০

$\therefore$ $\frac{৭২৫}{১০০}>\frac{৫১৬}{১০০}>\frac{৪৩০}{১০০}$ অর্থাৎ $৭\frac{১}{৪}>৫\frac{৪}{২৫}>৪\frac{৩}{১০}$

$\therefore$ মানের অধঃক্রম অনুসারে সাজিয়ে পাই, $৭\frac{১}{৪}>৫\frac{৪}{২৫}>৪\frac{৩}{১০}$।

গ বাঁশটির মোট রং করা অংশ $=\left(৫\frac{৪}{২৫}+৭\frac{১}{৪}+৪\frac{৩}{১০}\right)$ মিটার

$=(৫+৭+৪)$ মিটার $+\left(\frac{৪}{২৫}+\frac{১}{৪}+\frac{৩}{১০}\right)$ মিটার

$=১৬$ মিটার $+\left(\frac{১৬+২৫+৩০}{১০০}\right)$ মিটার

$=১৬$ মিটার $+\frac{৭১}{১০০}$ মিটার $=১৬\frac{৭১}{১০০}$ মিটার

বাঁশটির রং করা বাকি রইল $=\left(২৫-১৬\frac{৭১}{১০০}\right)$ মিটার

$=(২৫-১৬)$ মিটার $-\frac{৭১}{১০০}$ মিটার

$=৯$ মিটার $-\frac{৭১}{১০০}$ মিটার

$=\left(\frac{৯০০-৭১}{১০০}\right)$ মিটার

$=\frac{৮২৯}{১০০}$ মিটার $=৮\frac{২৯}{১০০}$ মিটার

$\therefore$ বাঁশটির $৮\frac{২৯}{১০০}$ মিটার রং করা বাকি রইল।

প্রশ্ন ৫ মাহী বাজার থেকে $২৫\frac{৩}{৫}$ কেজি চাল ৩০ টাকা দরে, $৩\frac{৭}{১০}$ কেজি ডাল ৬০ টাকা দরে, $১\frac{৭}{৫০}$ কেজি হলুদ ৫০ টাকা দরে ও $১০\frac{৩}{২০}$ কেজি আলু ২০ টাকা দরে কিনল।

ক. সে মোট কত কেজি চাল ও ডাল কিনল? (সহজমান) ২

খ. সে মোট কত কেজি বাজার করল? (মধ্যমান) ৪

গ. সে মোট কত টাকার বাজার করল? (কঠিনমান) ৪

৫নং প্রশ্নের সমাধান

ক মাহী চাল ও ডাল কিনল $=\left(২৫\frac{৩}{৫}+৩\frac{৭}{১০}\right)$ কেজি

$=\left(\frac{১২৮}{৫}+\frac{৩৭}{১০}\right)$ কেজি

$=\frac{২৫৬+৩৭}{১০}$ কেজি

$=\frac{২৯৩}{১০}$ কেজি

$=২৯\frac{৩}{১০}$ কেজি

$\therefore$ মাহী মোট $২৯\frac{৩}{১০}$ কেজি চাল ও ডাল কিনল।

খ মাহী চাল, ডাল, হলুদ ও আলু কিনল

$=\left(২৫\frac{৩}{৫}+৩\frac{৭}{১০}+১\frac{৭}{৫০}+১০\frac{৩}{২০}\right)$ কেজি

$=\left(\frac{১২৮}{৫}+\frac{৩৭}{১০}+\frac{৫৭}{৫০}+\frac{২০৩}{২০}\right)$ কেজি

$=\frac{২৫৬০+৩৭০+১১৪+১০১৫}{১০০}$ কেজি

$=\frac{৪০৫৮}{১০০}$ কেজি

$=৪০\frac{৫৯}{১০০}$ কেজি

$\therefore$ মাহী মোট $৪০\frac{৫৯}{১০০}$ কেজি বাজার করল।

www.abswer.com

www.abswer.com

ঘ ১ কেজি চালের দাম ৩০ টাকা

∴ $২৫\frac{৩}{৫}$ " " " $২৫\frac{৩}{৫} \times ৩০$ টাকা

$= \frac{১২৮}{৫} \times ৩০$ টাকা

$= ৭৬৮$ টাকা

১ কেজি ডালের দাম ৬০ টাকা

∴ $৩\frac{৭}{১০}$ " " " $৩\frac{৭}{১০} \times ৬০$ টাকা

$= \frac{৩৭}{১০} \times \frac{৬}{৬০}$ টাকা

$= ২২২$ টাকা

১ কেজি হলুদের দাম ৫০ টাকা

∴ $১\frac{৭}{৫০}$ " " " $১\frac{৭}{৫০} \times ৫০$ টাকা

$= \frac{৫৭}{৫০} \times \frac{১}{৫০}$ টাকা

$= ৫৭$ টাকা

১ কেজি আলুর দাম ২০ টাকা

∴ $১০\frac{৩}{২০}$ " " " $১০\frac{৩}{২০} \times ২০$ টাকা

$= \frac{২০৩}{২০} \times \frac{১}{২০}$ টাকা $= ২০৩$ টাকা

∴ মাহী মোট বাজার করল = (৭৬৮ + ২২২ + ৫৭ + ২০৩) টাকার

= ১২৫০ টাকার

∴ মাহী মোট ১২৫০ টাকার বাজার করল।

শিখনফল : বিকল্প পদ্ধতিতে ভগ্নাংশের যোগ-বিয়োগ করতে পারব।

প্রশ্ন ৬ ঢাকা থেকে আরিচার দূরত্ব ৮৫ কিলোমিটার। সালাম ঢাকা থেকে আরিচা যেতে $৫\frac{১}{৪}$ কিলোমিটার রিক্সায়, $২৫\frac{৭}{১০}$ কিলোমিটার বাসে, $৫০\frac{৩}{১০}$ কিলোমিটার ট্যাক্সিতে গেল। অবশিষ্ট পথ সে হেঁটে গেল।

ক. রিক্সায় অতিক্রান্ত দূরত্বকে দশমিকে প্রকাশ কর। (সহজমান) ২

খ. সালাম রিক্সা, বাস ও ট্যাক্সিতে মোট কত দূরত্ব অতিক্রম করে? (মধ্যমান) ৪

গ. সে কত কিলোমিটার হেঁটে গেল? (কঠিনমান) ৪

৬নং প্রশ্নের সমাধান

ক সালাম রিক্সায় গেল = $৫\frac{১}{৪}$ কিলোমিটার

$= \frac{৫ \times ৪ + ১}{৪}$ কিলোমিটার

$= \frac{২০ + ১}{৪}$ কিলোমিটার

$= \frac{২১}{৪}$ কিলোমিটার

$= ৫.২৫$ মিটার

৪) ২১ (৫.২৫
২০
১০
৮
২০
২০
০

∴ রিক্সায় অতিক্রান্ত দূরত্ব ৫.২৫ কিলোমিটার।

খ সালাম রিক্সায় গেল $৫\frac{১}{৪}$ কিলোমিটার

বাসে গেল $২৫\frac{৭}{১০}$ কিলোমিটার

এবং ট্যাক্সিতে গেল $৫০\frac{৩}{১০}$ কিলোমিটার

∴ সে রিক্সা, বাস ও ট্যাক্সিতে গেল = $\left(৫\frac{১}{৪} + ২৫\frac{৭}{১০} + ৫০\frac{৩}{১০}\right)$ কিলোমিটার

$= \left(\frac{২১}{৪} + \frac{২৫৭}{১০} + \frac{৫০৩}{১০}\right)$ কিলোমিটার

$= \frac{২১ \times ৫ + ২৫৭ \times ২ + ৫০৩ \times ২}{২০}$ কিলোমিটার

$= \frac{১০৫ + ৫১৪ + ১০০৬}{২০}$ কিলোমিটার

$= \frac{১৬২৫}{২০}$ কিলোমিটার $= \frac{৩২৫}{৪}$ কিলোমিটার $= ৮১\frac{১}{৪}$ কিলোমিটার

∴ সালাম রিক্সা, বাস ও ট্যাক্সিতে মোট $৮১\frac{১}{৪}$ কিলোমিটার দূরত্ব অতিক্রম করে।

গ ঢাকা থেকে আরিচার দূরত্ব ৮৫ কিলোমিটার

খ-হতে প্রাপ্ত,

সালাম রিক্সা, বাস ও ট্যাক্সিতে মোট $৮১\frac{১}{৪}$ কিলোমিটার দূরত্ব অতিক্রম করে।

∴ সে হেঁটে গেল = $\left(৮৫ - ৮১\frac{১}{৪}\right)$ কিলোমিটার

$= \left(৮৫ - \frac{৩২৫}{৪}\right)$ কিলোমিটার

$= \frac{৩৪০ - ৩২৫}{৪}$ কিলোমিটার

$= \frac{১৫}{৪}$ কিলোমিটার $= ৩\frac{৩}{৪}$ কিলোমিটার

∴ সালাম হেঁটে গেল $৩\frac{৩}{৪}$ কিলোমিটার।

শীর্ষস্থানীয় স্কুলসমূহের সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ৭ বার্ষিক পরীক্ষায় পলি ও মলি যথাক্রমে মোট নম্বরের $\frac{৫}{৬}$ অংশ ও $\frac{৪}{৫}$ অংশ পেল। মলির চেয়ে পলি ৩০ নম্বর বেশি পেয়েছে।

ক. মলির চেয়ে পলি কত অংশ বেশি পেয়েছে? ২

খ. বার্ষিক পরীক্ষায় মোট নম্বর কত? ৪

গ. মলি ও পলি কে কত নম্বর পেয়েছে? ৪

[মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা]

৭নং প্রশ্নের সমাধান

ক পলি ও মলি যথাক্রমে মোট নম্বরের $\frac{৫}{৬}$ অংশ ও $\frac{৪}{৫}$ অংশ পেল।

∴ মলির চেয়ে পলি বেশি পেয়েছে = $\left(\frac{৫}{৬} - \frac{৪}{৫}\right)$ অংশ

$= \left(\frac{২৫ - ২৪}{৩০}\right)$ অংশ $= \frac{১}{৩০}$ অংশ

∴ মলির চেয়ে পলি $\frac{১}{৩০}$ অংশ বেশি পেয়েছে।

www.abswer.com

www.abswer.com

খ 'ক' হতে পাই,

মলির চেয়ে পলি নম্বরের $\frac{১}{৩০}$ অংশ বেশি পেয়েছে।

প্রশ্নমতে,

$\frac{১}{৩০}$ অংশ = ৩০ নম্বর

∴ ১ " = (৩০ × ৩০) নম্বর

= ৯০০ নম্বর

∴ বার্ষিক পরীক্ষায় মোট নম্বর ৯০০।

খ 'খ' হতে পাই, পরীক্ষায় মোট নম্বর ৯০০

∴ পলি পায় = $\left(৯০০ \text{ এর } \frac{৫}{৬}\right)$ নম্বর

= ৭৫০ নম্বর

∴ মলি পায় = $\left(৯০০ \text{ এর } \frac{৪}{৫}\right)$ নম্বর

= ৭২০ নম্বর

∴ পলি পায় ৭৫০ নম্বর এবং মলি পায় ৭২০ নম্বর।

প্রশ্ন ৮ আমিনা তার মা ও ভাইয়ের নিকট থেকে যথাক্রমে $১০৫\frac{৭}{১০}$ গ্রাম ও $৯৮\frac{৩}{৫}$ গ্রাম স্বর্ণ পেল।

ক. $\frac{৭}{১০}, \frac{৩}{৫}$ ও $\frac{৪}{৫}$ কে মানের উর্ধ্বক্রমে সাজাও। ২

খ. আমিনা তার মা ও ভাইয়ের নিকট থেকে মোট কত গ্রাম স্বর্ণ পেল? ৪

গ. আমিনা তার বাবার নিকট থেকে আর কত গ্রাম স্বর্ণ পেলে তার ৪০০ গ্রাম স্বর্ণ হবে? ৪

[ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]

৮নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত ভগ্নাংশগুলোর হর ১০, ৫, ৫

$$\begin{array}{r|l} ৫ & ১০,\ ৫,\ ৫ \\ \hline & ২,\ ১,\ ১ \end{array}$$

∴ ভগ্নাংশগুলোর হর ১০, ৫, ৫ এর ল.সা.গু. = ৫ × ২ = ১০

এখন, $১০ \div ১০ = ১ = \frac{৭ \times ১}{১০ \times ১} = \frac{৭}{১০}$

$$১০ \div ৫ = ২ = \frac{৩ \times ২}{৫ \times ২} = \frac{৬}{১০}$$

$$১০ \div ৫ = ২ = \frac{৪ \times ২}{৫ \times ২} = \frac{৮}{১০}$$

সমহরবিশিষ্ট ভগ্নাংশ $\frac{৭}{১০}, \frac{৬}{১০}, \frac{৮}{১০}$ এর লবগুলোর মধ্যে তুলনা করে পাই,

৬ < ৭ < ৮

∴ $\frac{৬}{১০} < \frac{৭}{১০} < \frac{৮}{১০}$ অর্থাৎ $\frac{৩}{৫} < \frac{৭}{১০} < \frac{৪}{৫}$

∴ ভগ্নাংশগুলোকে মানের উর্ধ্বক্রমে সাজিয়ে পাই,

$\frac{৩}{৫} < \frac{৭}{১০} < \frac{৪}{৫}$।

খ আমিনা তার মা ও ভাইয়ের নিকট থেকে স্বর্ণ পেল

$= ১০৫\frac{৭}{১০}$ গ্রাম + $৯৮\frac{৩}{৫}$ গ্রাম

$= (১০৫ + ৯৮)$ গ্রাম + $\left(\frac{৭}{১০} + \frac{৩}{৫}\right)$ গ্রাম

$= ২০৩$ গ্রাম + $\left(\frac{৭ + ৬}{১০}\right)$ গ্রাম

$= ২০৩$ গ্রাম + $\frac{১৩}{১০}$ গ্রাম

$= ২০৩$ গ্রাম + $১\frac{৩}{১০}$ গ্রাম

$= (২০৩ + ১)$ গ্রাম + $\frac{৩}{১০}$ গ্রাম

$= ২০৪$ গ্রাম + $\frac{৩}{১০} = ২০৪\frac{৩}{১০}$ গ্রাম

∴ আমিনা তার মা ও ভাইয়ের নিকট থেকে $২০৪\frac{৩}{১০}$ গ্রাম স্বর্ণ পেল।

গ 'খ' হতে পাই,

আমিনা তার মা ও ভাইয়ের নিকট থেকে মোট $২০৪\frac{৩}{১০}$ গ্রাম স্বর্ণ পায়

৪০০ গ্রাম স্বর্ণ পূর্ণ করতে হলে আমিনাকে তার বাবার নিকট থেকে পেতে হবে = ৪০০ গ্রাম − $২০৪\frac{১০}{৩}$ গ্রাম

= (৪০০ − ২০৪) গ্রাম − $\frac{৩}{১০}$ গ্রাম

= ১৯৬ গ্রাম − $\frac{৩}{১০}$ গ্রাম

= $\left(১৯৬ - \frac{৩}{১০}\right)$ গ্রাম

= $\left(\frac{১৯৬০ - ৩}{১০}\right)$ গ্রাম

= $\frac{১৯৫৭}{১০}$ গ্রাম = $১৯৫\frac{৭}{১০}$ গ্রাম

∴ আমিনাকে তার বাবার নিকট থেকে $১৯৫\frac{৭}{১০}$ গ্রাম স্বর্ণ পেতে হবে।

